# বাংলাদেশ জাতীয় জাদুঘর
## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর ৪৩.২২.২৬৭৫.০০২.০১.০০৪(১৬).২০১৯/২৮৮

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ।
০৮ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয় : **মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।**

সূত্র : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১১.১৮.০০১.১৩-২২৯, তারিখ ০১-০৭-২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন নির্ধারিত 'ছক' পূরণ করে এতৎসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য, চাহিদা অনুযায়ী উক্ত প্রতিবেদনের সফ্ট কপি e-mail: sas_admin@moca.gov.bd ঠিকানায় মেইল করে প্রেরণ করা হলো।

সংলগ্নী : **বর্ণনামতে-২৫ (পঁচিশ) ফর্দ।**

০৮/৭/১৯

মো. রিয়াজ আহম্মদ
মহাপরিচালক
ফোন : ৯৬৬৭৬৯৩
e-mail: dgmuseum@yahoo.com

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম : **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
প্রতিবেদনাধীন বছর : ২০১৮-২০১৯

আওতাধীন অধিদপ্তর/সংস্থার নাম : **বাংলাদেশ জাতীয় জাদুঘর**
প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৮-০৭-২০১৯ খ্রিস্টাব্দ।

১। **প্রশাসনিক :**

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | - | - | - | - |
| বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা | ৩৭৫ | ৩১৯ | ৫৬ | |
| ওসমানী জাদুঘর, সিলেট | ৯ | ৮ | ১ | |
| আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা | ৫৯ | ৫৭ | ২ | |
| জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম | ৪৩ | ৩৮ | ৫ | |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ | ২৭ | ২৫ | ২ | |
| মোট | ৫১৩ | ৪৪৭ | ৬৬ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্য পদের বিন্যাস :

| | অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা | - | - | ২০ | ৬ | ২৪ | ৬ | ৫৬ |
| ওসমানী জাদুঘর, সিলেট | - | - | - | - | ১ | - | ১ |
| আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা | - | - | ১ | - | ১ | - | ২ |
| জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম | - | - | ১ | ১ | ১ | ২ | ৫ |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ | - | - | - | - | ২ | - | ২ |
| মোট | - | - | ২২ | ৭ | ২৯ | ৮ | ৬৬ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদূর্দ্ধ পদ) শূন্য থাকলে তার তালিকা : -

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : প্রযোজ্য নয়।

১.৫ অন্যান্য পদের তথ্য:

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| (১) | (২) |
| - | - |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নেই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন বৎসরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | (আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগ) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৮ | ১৯ | ২৭ | ৫ | ৪ | ৯ | বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা-১৯ |
| - | - | - | ১ | - | ১ | ওসমানী জাদুঘর, সিলেট |
| ২ | - | ২ | - | - | - | আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা-১ |
| ১ | ২ | ৩ | ১ | - | ১ | জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। |
| ১ | - | ১ | - | - | - | শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে) : **প্রযোজ্য নয়**

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)* | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে) : **প্রযোজ্য নয়।**

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী//স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| - | - | - | - | - |

*** কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।**

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/ পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : **প্রযোজ্য নয়।**

(২) **অডিট আপত্তি :**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য : (১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

(অংকসমূহ কোটি টাকায়)

| ক্রমিক | মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | বাংলাদেশ জাতীয় জাদুঘর | - | - | - | ২৮ (আটাশ) টি | ১.২০ | - | - |
| | সর্বমোট | | | | | | | |

* ১৯৯৫-৯৬ সনের ৩টি, ১৯৯৬-৯৭ সনের ১০টি, ১৯৯৭-৯৮ সনের ৮টি, ১৯৯৮-৯৯ সনের ৪টি এবং ২০০৩-০৬ সনের ৩টি সর্বমোট ২৮টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের নিরীক্ষা এখনো সম্পন্ন হয়নি।

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা : **প্রযোজ্য নয়।**

(৩) **শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১৭-২০১৮) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বৎসরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিস্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৪ (চার) টি | - | ৩ (তিন)টি | - | - | ১(এক)টি |

(৪) **সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিস্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| - | - | - | - | - |

(৫) **মানবসম্পদ উন্নয়ন**

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| (১) | (২) |
| ৩৪ (চৌত্রিশ) টি | ৫৫ (পঞ্চান্ন) জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বৎসরে (২০১৮-২০১৯) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা : ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। নিম্নে প্রশিক্ষণের নাম, তারিখ এবং প্রশিক্ষণার্থীর সংখ্যা পেশ করা হলো :

| ইন-হাউজ প্রশিক্ষণের নাম | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| A2i প্রবর্তীত ই-নথি প্রবর্তন বিষয়ক প্রশিক্ষণ। | ১৪/০৭/২০১৭ হতে ২১/০৭/২০১৮ তারিখ পর্যন্ত ০৬(ছয়) কর্মদিবস। | ৮০ জন |
| কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪। | ০৬/০৮/২০১৮ তারিখ ১ দিন ৩ ঘন্টা। | ৩৯ জন |
| পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮। | ০৮/০৮/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৩৭ জন |
| তথ্য অধিকার আইন, ২০০৯ | ১৩/০৮/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৪০ জন |
| কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২। | ২৬/০৮/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৪০ জন |
| রিফ্রেশ ই-ফাইলিং প্রশিক্ষণ ২০১৮। | ০৩/০৯/২০১৮ তারিখ ১ দিন। | ৪৮ জন |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা বিষয়ক প্রশিক্ষন। | ০৯/১০/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৫৫ জন |
| 'গাইড সেবা আধুনিকায়ন ও প্রাণবন্ত করা' শীর্ষক প্রশিক্ষন। | ১০/১০/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ১৬ জন |
| 'পত্র গ্রহণ, পত্র প্রেরণ ও আদর্শ পত্র লিখন পদ্ধতি' শীর্ষক প্রশিক্ষণ। | ১৩/১০/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৪৫ জন |
| 'আদর্শ পত্র লিখন পদ্ধতি' শীর্ষক প্রশিক্ষন। | ১৫/১০/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৪৩ জন |
| '২০তম গ্রেডের কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর' শীর্ষক প্রশিক্ষণ। | ২৩/১০/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৬০ জন |
| 'জাতীয় জাদুঘর : দায়িত্ব ও কর্তব্য' শীর্ষক প্রশিক্ষন। | ২৯/১০/২০১৮ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৫০ জন |
| জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিরজন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ। | ২৩/০৩/২০১৯ তারিখ ১ দিন ১ ঘন্টা। | ৫৫ জন |
| ই-নথি কোর্স | ০৪/০৫/২০১৯ তারিখ ১ দিন। | ৬৪ জন |
| ই-নথি সতেজকারক কর্মশালা, ২০১৯। | ২৯/০৬/২০১৯ তারিখ ১ দিন ৩ (তিন) ঘন্টা। | ৩০ জন |
| শাখা জাদুঘরসমূহের তৈরিকৃত ওয়েবসাইটে তথ্য সন্নিবেশ ও ওয়েবসাইট উন্নয়ন বিষয়ক কর্মশালা, ২০১৯। | ৩০/০৬/২০১৯ তারিখ ১ দিন ৩ (তিন) ঘন্টা। | ১১ জন |
| তথ্য অধিকার আইন, ২০০৯। | ৩০/০৬/২০১৯ তারিখ ১ দিন ১ (এক) ঘন্টা। | ৩৬ জন |
| জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১। | ৩০/০৬/২০১৯ তারিখ ১ দিন ১ (এক) ঘন্টা। | ৩৬ জন |

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : প্রযোজ্য নহে।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দ্যা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্যা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না : **অন্ দ্যা জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে।**

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বৎসরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশে গমণকারী কর্মকর্তার সংখ্যা : ১৪ (চৌদ্দ) জন

## (৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| (১) | (২) |
| ৭ (সাত) | ২২ (বাইশ) জন |

(৭) **তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না। | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না। | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মকর্তা | কর্মচারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা | ১১০ | আছে | আছে | নাই | ৫০ | ১৩০ |
| ওসমানী জাদুঘর, সিলেট | ০৩ | আছে | নাই | নাই | ০০ | ০১ |
| আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা | ০৭ | আছে | নাই | নাই | ০২ | ০২ |
| জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম | ০৭ | আছে | নাই | নাই | ০২ | ০৫ |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ | ০৩ | আছে | নাই | নাই | ০০ | ০১ |
| স্বাধীনতা জাদুঘর, ঢাকা | ০২ | নাই | নাই | নাই | ০০ | ০৩ |
| পল্লীকবি জসীম উদদীন সংগ্রহশালা, ফরিদপুর | ০২ | নাই | নাই | নাই | ০০ | ০৩ |
| সাংবাদিক কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া | ০১ | নাই | নাই | নাই | ০০ | ০১ |

(৮) **সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগের জন্য):** প্রয়োজ্য নয়।

| | | ২০১৮-২০১৯ | | ২০১৭-২০১৮ | | হ্রাস(-)/বৃদ্ধিও (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| (১) | | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| রাজস্ব | ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| আয় | নন-ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | | | | | | |
| লভ্যাংশ হিসাবে | | | | | | | |

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বৎসরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট

**(ক) জাদুঘর প্রবিধানমালা এবং TO&E যুগোপযোগী করার লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।**

**(খ) পেনশন প্রবিধানমালা প্রণয়নের কাজ চলছে।**

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা :

৯.২ প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী : **সংলগ্নী-১ (পৃ. ৯-২৫) দ্রষ্টব্য।**

৯.২ ২০১৮-২০১৯ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ **(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূণ্যপদ পুরণ ইত্যাদি):**

(ক) জাদুঘরে মুদ্রা সংক্রান্ত নিদর্শন নিয়ে কাজ করার মত উপযুক্ত কর্মকর্তার সংকট রয়েছে।

(খ) বাংলাদেশ জাতীয় জাদুঘরের আরকাইভস শাখা উদ্বোধন করা হয়েছে। উক্ত শাখায় উপযুক্ত ও দক্ষ জনবলের ঘাটতি রয়েছে।

(১০) **মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :**

১০.১ ২০১৮-২০১৯ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি ? হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : **প্রয়োজ্য নয়।**

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি আরো দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ :

(ক) জাদুঘরে কর্মরত কিউরেটরিয়াল বিভাগের কর্মকর্তাগণের জাদুঘর ব্যবস্থাপনার উপর বিদেশে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।

(খ) এ ছাড়া নিরাপত্তা বিভাগে কর্মরত সদস্যগণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ কোন সংস্থার প্রশিক্ষণ একাডেমীতে 'নিরাপত্তা' সংক্রান্ত কোর্সে প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে) প্রযোজ্য নয়।

১১.১ কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানী ইত্যাদি :

| মন্ত্রণালয়ের নাম | পণ্যের নাম | প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-২০১৯) উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-২০১৯) প্রকৃত উৎপাদন | লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকার হার | দেশজ উৎপাদনে দেশের অভ্যন্তরীন চাহিদার কত শতাংশ মেটানো যাচ্ছে | পূর্ববর্তী অর্থ-বৎসরে উৎপাদন (২০১৭-২০১৮) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| কৃষি মন্ত্রণালয় | চাল | | | | | |
| | গম | | | | | |
| | ভুট্টা | | | | | |
| | আলু | | | | | |
| | পিঁয়াজ | | | | | |
| | পাট | | | | | |
| | শাক-সবজি | | | | | |
| মৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় | মৎস্য | | | | | |
| | মাংস | | | | | |
| | দুগ্ধ | | | | | |
| | ডিম | | | | | |
| শিল্প মন্ত্রণালয় | চিনি | | | | | |
| | লবণ | | | | | |
| | সার(ইউরিয়া) | | | | | |
| বাণিজ্য মন্ত্রণালয় | চা | | | | | |
| জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | গ্যাস | | | | | |
| | কয়লা | | | | | |
| | কঠিন শিলা | | | | | |
| বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বস্ত্র/ সুতা | | | | | |
| | পাটজাত দ্রব্য | | | | | |

১১.২ কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ, মূল্যের স্থিতিশীলতার ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কট হয়েছিল কি ? নিকট ভবিষ্যতে মারাত্মক কোন সমস্যার আশঙ্কা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

১১.৩ বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

| প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববতী বছর (২০১৭-২০১৮) | |
|---|---|---|---|
| সর্বোচ্চ চাহিদা | সর্বোচ্চ উৎপাদন | সর্বোচ্চ চাহিদা | সর্বোচ্চ উৎপাদন |
| (১) | (২) | (৩) | (৪) |
| - | - | - | - |

১১.৪ বিদ্যুৎ-এর গড় সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

| সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | পূর্ববর্তী বছর (২০১৭-২০১৮) | পূর্ববর্তী বছরের তুলনায় হ্রাস(-)/ বৃদ্ধি(+) | মন্তব্য |
|---|---|---|---|---|
| পবিবো | | | | |
| বিউবি | | | | |
| ডিপিডিসি | | | | |
| ডেসকো | | | | |
| ওজোপাডিকো | | | | |
| নেসকো | | | | |

১১.৫ জ্বালানি তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

| প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববতী বছর (২০১৭-২০১৮) | |
|---|---|---|---|
| চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| (১) | (২) | (৩) | (৪) |
| - | - | - | - |

১১.৬ দেশের মেট্রোপলিটন এলাকায় পানি সরবরাহ (লক্ষ গ্যালন) : **প্রযোজ্য নয়।**

| | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববর্তী বছর (২০১৭-২০১৮) | |
|---|---|---|---|---|
| মেট্রো এলাকা | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| - | - | - | - | - |

(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (জননিরাপত্তা বিভাগের জন্য) : **প্রযোজ্য নয়।**

১২.১ অপরাধ সংক্রান্ত :

| অপরাধের ধরণ | অপরাধের সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | পূর্ববর্তী বছর (২০১৭-২০১৮) | অপরাধের হ্রাস(-)/ বৃদ্ধি(+) এর সংখ্যা | অপরাধের হ্রাস(-)/ বৃদ্ধি(+) এর শতকরা হার |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| খুন | | | | |
| ধর্ষণ | | | | |
| অগ্নিসংযোগ | | | | |
| এসিড নিক্ষেপ | | | | |
| নারী নির্যাতন | | | | |
| ডাকাতি | | | | |
| রাহাজানি | | | | |
| অস্ত্র/বিস্ফোরক সংক্রান্ত | | | | |
| মোট | | | | |

১২.২ প্রতি লক্ষ জনসংখ্যায় সংঘটিত অপরাধের তুলনামূলক চিত্র : **প্রয়োজ্য নয়**

| বিষয় | অর্থ-বছর (২০১৮-২০১৯) | অর্থ-বছর (২০১৭-২০১৮) |
|---|---|---|
| - | - | - |

১২.৩ দ্রুত বিচার আইনের প্রয়োগ (৩০ জুন ২০১৯ পর্যন্ত) : **প্রয়োজ্য নয়**

| আইন জারির পর থেকে ক্রমপুঞ্জীভুত মামলার সংখ্যা (আসামির সংখ্যা) | প্রতিবেদনাধীন বছরে গ্রেপ্তারকৃত আসামির সংখ্যা | আইন জারির পর থেকে ক্রমপুঞ্জীভুত গ্রেপ্তারকৃত আসামির সংখ্যা | কোর্ট কর্তৃক নিস্পত্তিকৃত ক্রমপুঞ্জীভূত মামলার সংখ্যা | শাস্তি হয়েছে এমন মামলার সংখ্যা ও শাস্তিপ্রাপ্ত আসামির ক্রমপুঞ্জীভূত সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| - | - | - | - | - | - |

১২.৪ ৩০ জুন ২০১৮ তারিখে কারাগারে বন্দির সংখ্যা (সুরক্ষা সেবা বিভাগের জন্য): **প্রয়োজ্য নয়**

| বন্দির ধরন | বন্দির সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন বছর (২০১৭-২০১৮) | পূর্ববর্তী বছর (২০১৬-২০১৭) | বন্দির সংখ্যার হ্রাস(-)/ বৃদ্ধি(+) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| পুরুষ হাজতি | | | | |
| পুরুষ কয়েদি | | | | |
| মহিলা হাজতি | | | | |
| মহিলা কয়েদি | | | | |
| শিশু হাজতি | | | | |
| শিশু কয়েদি | | | | |
| ডিটেইনি (Detainee) | | | | |
| রিলিজড প্রিজনার (আরপি) | | | | |
| মোট | | | | |

(১৫) **উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য): প্রযোজ্য নয়।**

১৫.১ উনণয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) :

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ টি | ৪.৯২৬৫ (চার কোটি বিরানব্বই লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা | ৪.৯২২৪ (৯৯.৯১%) (চার কোটি বিরানব্বই লক্ষ চব্বিশ হাজার) টাকা | ১০ টি |

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) :

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ টি | - | - | - |

২০.২ স্বাস্থ্য সংক্রান্ত: প্রযোজ্য নয়।

| জন্ম হার (প্রতি হাজারে) | মৃত্যু হার(প্রতি হাজারে) | জনসংখ্যা বৃদ্ধির হার(শতকরা) | নবজাতক (Infant) মৃত্যুর হার(প্রতি হাজারে) | ৫(পাঁচ) বছর বয়স পর্যন্ত শিশু মৃত্যুর হার(প্রতি হাজারে) | মাতৃ মৃত্যুর হার (প্রতি হাজারে) | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের শতকরা হার (সক্ষম দম্পতি) | গড় আয়ু(বছর) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | পুরুষ | মহিলা | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |

২০.৩ স্বাস্থ্য রক্ষায় ব্যয় ও অবকাঠামো সংক্রান্ত (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) : প্রযোজ্য নয়।

| মাথাপিছু স্বাস্থ্য ব্যয়(টাকায়) | সারাদেশে হাসপাতালের সংখ্যা | | | সারাদেশে হাসপাতাল বেডের মোট সংখ্যা | | | সারাদেশে রেজিস্টার্ড ডাক্তার, নার্স ও প্যারামেডিকস এর সংখ্যা | | | সারাদেশে রেজিস্টার্ড ডাক্তার, নার্স ও প্যারামেডিকস এর বিপরীতে জনসংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সরকারি | বেসরকারি | মোট | সরকারি | বেসরকারি | মোট | ডাক্তার | নার্স | প্যারামেডিকস | ডাক্তার | নার্স | প্যারামেডিকস |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| | | | | | | | | | | | | |

(২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

| জনশক্তি রপ্তানি ও প্রত্যাগমন | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | পূর্ববর্তী বছর (২০১৭-২০১৮) | শতকরা বৃদ্ধি(+) বা হ্রাস(-) এর হার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৩) |
| বিদেশে প্রেরিত জনশক্তির সংখ্যা | | | |
| বিদেশ থেকে প্রত্যাগত জনশক্তির সংখ্যা | | | |

(২২) হজ্জ সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

| হজ্জে গমন | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | | পূর্ববর্তী বছর (২০১৭-২০১৮) | | | শতকরা বৃদ্ধি(+) বা হ্রাস(-) এর হার |
|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| হজ্জে গমনকারীর সংখ্যা | | | | | | | |

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে): প্রযোজ্য নয়।

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরণ | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববর্তী বছর (২০১৭-২০১৮) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

২৪.১ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বার্ণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৮-২০১৯ অর্থ-বছরে লোকসান করেছে তাদের নাম ও লোকসানের পরিমাণ।

| অত্যধিক লোকসানি প্রতিষ্ঠান | | প্রতিবেদনাধীন বছরে (২০১৬-২০১৭) বিরাষ্ট্রীকৃত হয়েছে এমন কলকারখানার নাম ও সংখ্যা | অদূর ভবিষ্যতে ব্যবস্থাপনা বা অন্য কোন গুরুতর সমস্যার সৃষ্টি হতে পারে এমন প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | লোকসানের পরিমাণ | | |
| (১) | | (২) | (৩) |
| - | | - | - |

২৪.২ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বার্ণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৮-২০১৯ অর্থ-বছরে লাভ করেছে তাদের নাম ও লাভের পরিমাণ :

| প্রতিষ্ঠানের নাম | লাভের পরিমাণ |
|---|---|
| (১) | (২) |
| - | - |

সিনিয়র সচিব/ সচিবের স্বাক্ষরঃ

নামঃ

৯.২। **প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড :**

(১) **সংগৃহীত নিদর্শন (২০১৮-২০১৯)**

| | |
|---|---|
| বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা | ২৭০ (দুইশত সত্তর) টি নিদর্শন |
| আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা | ০০ |
| ওসমানী জাদুঘর, সিলেট | ০০ |
| জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম | ০০ |
| শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়নসিংহ | ০০ |
| স্বাধীনতা জাদুঘর, ঢাকা | ০০ |
| পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর | ০০ |
| সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া | ০০ |
| মোট | **২৭০ (দুইশত সত্তর) টি নিদর্শন** |

(২) **দর্শক সংখ্যা (২০১৮-২০১৯)**

| ক্র. নং | জাদুঘরের নাম | সাধারন দর্শক সংখ্যা | বিশিষ্ট অতিথি | |
|---|---|---|---|---|
| | | | দেশি | বিদেশি |
| ১. | বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা | ৬,৩০,০৩৩ জন | ৭১২ জন | ১,২৬৬ জন |
| ২. | আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা | ৫,৯৮,৯৮৫ জন | ০০ জন | ০০ জন |
| ৩. | ওসমানী জাদুঘর, সিলেট | ৬,৫২০ জন | ০২ জন | ০০ জন |
| ৪. | জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম | ১,১৬,৪৩৪ জন | ০১ জন | ০৩ জন |
| ৫. | শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ | ৪৪,২৭২ জন | ৩৬৮ জন | ০০ জন |
| ৬. | স্বাধীনতা জাদুঘর, ঢাকা | ১,২১,২০৬ জন | ২৪ জন | ২৮ জন |
| ৭. | পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর | ২৩,৯৪৯ জন | ০০ জন | ০০ জন |
| ৮. | সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া | ৬,১৪২ জন | ০০ জন | ০০ জন |

(৩) **বিনা টিকেটে গ্যালারি পরিদর্শন :**

(ক) ১৫ আগস্ট ২০১৮ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহে ছাত্র-ছাত্রী, শিশু-কিশোর, সুবিধা বঞ্চিত এবং প্রতিবন্ধীদের বিনাটিকেটে গ্যালারি পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(খ) পবিত্র ঈদ-উল-আযহা ২০১৮ ও পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৯ এর দিন বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহে সুবিধা বঞ্চিত ও প্রতিবন্ধীদের বিনা টিকেটে এবং সাধারণ দর্শকদের টিকেটের মাধ্যমে গ্যালারি পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(গ) ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহে শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, সুবিধা বঞ্চিত এবং প্রতিবন্ধীদের বিনা টিকেটে পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(ঘ) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহে শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, সুবিধা বঞ্চিত এবং প্রতিবন্ধীদের বিনা টিকেটে পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(ঙ) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০০তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৯ উপলক্ষে ১৭ মার্চ ২০১৯ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহে ছাত্র-ছাত্রী, শিশু-কিশোর, সুবিধা বঞ্চিত এবং প্রতিবন্ধীদের বিনাটিকেটে গ্যালারি পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(চ) বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহ মহান স্বাধীনতা দিবস ২০১৯ উপলক্ষে দর্শকদের জন্য বিনা টিকেটে গ্যালারি পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(ছ) ১লা বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দে বাংলা নববর্ষ উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, সুবিধা বঞ্চিত এবং প্রতিবন্ধীদের বিনা টিকেটে এবং সাধারণ দর্শকদের জন্য টিকেটে মাধ্যমে গ্যালারি পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

(৪) **বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের বিভিন্ন কর্মকান্ড :**

(ক) **রেজিস্ট্রেশন শাখার কাজ** : নিয়মিতভাবে নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শন সংক্রান্ত কর্মকান্ডের আওতায় ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগে ৭১ (একাত্তর) টি, সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগে ১৫(পনেরো) টি, জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগে ১৮৪ (একশত চুরাশি) টিসহ বাংলাদেশ জাতীয় জাদুঘরে মোট ২৭০ (দুইশত সত্তর) টি নিদর্শন সংগ্রহভুক্ত করা হয়েছে।

(খ) **অডিটরিয়াম শাখার কাজ** : বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২(দুই) টি মিলনায়তন ও ১(এক) টি প্রদর্শনী গ্যালারি রয়েছে। জুলাই ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত ২(দুই) টি মিলনায়তন যথাক্রমে-(১) প্রধান মিলনায়তনে ১১৭ (একশত সতেরো) টি অনুষ্ঠান (১৫১ শিফট) অনুষ্ঠিত হয়েছে। (২) কবি সুফিয়া কামাল মিলনায়তনে ২০৮ (দুইশত আট) টি অনুষ্ঠান (২২৯ শিফট) অনুষ্ঠিত হয়েছে এবং ১(এক) টি প্রদর্শনী গ্যালারিতে (নলিনীকান্ত ভট্রশালী প্রদর্শনী গ্যালারি) ১৮(আঠারো)টি প্রদর্শনী (৯৯ দিন) এবং ৪ (চার) টি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মিলনায়তনগুলিতে কীট নাশক ও প্রতিরোধক দেয়া হয়েছে। মিলনায়তনসমূহ ও প্রদর্শনী গ্যালারি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নকরণ কাজ করা হয়েছে।

(গ) **প্রকাশনা শাখার মুদ্রণ কাজ** : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ পালন উপলক্ষে জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন এবং আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান, 'বঙ্গবন্ধু ও বাঙালির শিক্ষা-সংস্কৃতির স্বকীয়তা এবং বিকাশ' ও 'বাঙালির জাতীয় মুক্তির সংগ্রাম: বঙ্গবন্ধুর ৬-দফা' শীর্ষক সেমিনারের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ফাইল কভার মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের রেজিস্ট্রেশন শাখায় ব্যবহারের জন্য নির্দশন সংগ্রহভুক্তি বা.জা.জা. ফরম ২১ নম্বর মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের অঙ্গনে গাড়ি পার্কিং টিকেট মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ পালন উপলক্ষে বঙ্গবন্ধু: কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী, বঙ্গবন্ধু বাংলাদেশের অর্থনীতি ও শিল্পের বিকাশ, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি অনুষ্ঠান, বঙ্গবন্ধু: নারী জাগরণ ও ক্ষমতায়ন, বঙ্গবন্ধু ও বাংলাদেশের সংবিধান, বঙ্গবন্ধু ও সুশাসন, বঙ্গবন্ধু ও স্বাধীন বাংলাদেশের পররাষ্ট্রনীতি, বঙ্গবন্ধু কিভাবে আমাদের স্বাধীনতা এনেছেন সেমিনারের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ পালন উপলক্ষে জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন এবং আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনীর উন্নতমানের ক্যাটালগ মুদ্রণ সম্পন্ন হয়েছে। আহসান মঞ্জিল জাদুঘরের দর্শকদের প্রবেশ টিকেট মুদ্রণ কাজ সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ পালন উপলক্ষে সেমিনারে পঠিত প্রবন্ধ নিয়ে বই মুদ্রণ কাজ সম্পন্ন করা হয়েছে। স্বাধীনতা জাদুঘরের দর্শকদের সৌজন্য প্রবেশ টিকেট মুদ্রণ ও সরবরাহ কাজ সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরে দেশরত্ন শেখ হাসিনার ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষে কর্মশালায় আঁকা ৭১টি প্রতিকৃতি ও জামালপুরের ঐতিহ্যবাহী সুচিশিল্প প্রদর্শনীর আমন্ত্রণপত্র মুদ্রণের জন্য জনশিক্ষা বিভাগের শিক্ষা শাখা থেকে অগ্রিম গ্রহণ করে প্রকাশনা শাখার মাধ্যমে মুদ্রণ কাজ সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও হাসুমনির পাঠশালার যৌথ আয়োজনে শিল্পী শাহাবুদ্দিনসহ দেশ বরেণ্য শিল্পীদের চিত্রকর্ম ও সুচিকর্মের (তুলির আঁচড়ে এবং সুঁই সুতায়) প্রদর্শনীর ক্যাটালগ মুদ্রণ ও সরবরাহ কাজ সম্পন্ন করা হয়েছে। হুমায়ূন সাহিত্যে বাঙালির জীবন ও সমাজ সেমিনার-২০১৮ এর আমন্ত্রণপত্র মুদ্রণ ও সরবরাহ কাজটি সম্পন্ন করা হয়েছে। বাংলার সমাজ ও নারী জাগরণের কবি সুফিয়া কামাল সেমিনার-২০১৮ এর আমন্ত্রণপত্র মুদ্রণ ও সরবরাহ কাজটি সম্পন্ন করা হয়েছে। সংগীত ও শিক্ষা প্রসারে ওস্তাদ মুনশী রইস উদ্দীন সেমিনার-২০১৮ এর আমন্ত্রণপত্র মুদ্রণ ও সরবরাহ কাজটি সম্পন্ন করা হয়েছে। শহিদ বুদ্ধিজীবী দিবস ২০১৮ পালন উপলক্ষ্যে আলোচনা সভার আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন করা হয়েছে। শওকত ওসমানের মুক্তিযুদ্ধের উপন্যাস বিষয়ক সেমিনার ২০১৮ এর আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন করা হয়েছে। শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার প্রবেশ টিকেট এবং স্বাধীনতা জাদুঘরের প্রবেশ টিকেট মুদ্রণ কাজ সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের উন্নতমানের আলোকচিত্রে সেকালের ঢাকা মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ডায়েরি ২০১৯ মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের অফিসার ও কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন ফরম মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার কটেজে অবস্থানের ফরম ও প্রাপ্তি রশিদ মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। ৪৩তম আন্তর্জাতিক কলকাতা বই মেলা ২০১৯ এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রকাশনা বিক্রী ও প্রদর্শনের কাজ সম্পন্ন হয়েছে। ওসমানী জাদুঘরের লেটার হেড প্যাড মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ পালন উপলক্ষে একুশের কবিতা পাঠ ও আবৃত্তি অনুষ্ঠানের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। নকশিকাঁথার উপর ইনভেন্টরি গ্রন্থ মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। ড. এম এ ওয়াজেদ মিয়া: বাংলাদেশের আধুনিক পরমাণু বিজ্ঞানের প্রাণপুরুষ শীর্ষক সেমিনারের আমন্ত্রণপত্র ও পুস্তিকা মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। ২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৯ পালন উপলক্ষে আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি সৌধ কমপ্লেক্সে আয়োজিত বই মেলায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রকাশনা বিক্রী ও প্রদর্শনের কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের দর্শকদের জন্য সৌজন্য প্রবেশ টিকেট মুদ্রণ ও সরবরাহ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ফাইল কভার এবং স্টেশনারি ও অন্যান্য জিনিসের রিকুজিশন স্লিপ (ফরম নম্বর -১০) মুদ্রণ এবং উন্নতমানের কাগজে লেটার হেড প্যাড মুদ্রণ ও সরবরাহ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত সত্যেন্দ্রনাথ বসু: তাঁর বিস্তীর্ণ জীবন শীর্ষক সেমিনার এবং বহুমাত্রিক হুমায়ুন আজাদ ও তাঁর কবিতা শীর্ষক সেমিনারের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ভিজিটর বুক মুদ্রণ এবং প্রকাশনা 'জাদুঘর সমাচার' জানুয়ারি - মার্চ ২০১৯ মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২৩নম্বর গ্যালারি (অস্ত্রশস্ত্রের-গ্যালারি) নতুনভাবে ডিসপ্লে করে উদ্বোধন উপলক্ষে ব্রোশিয়ার মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। শিল্পাচার্য জয়নুল আবেদিন: শিল্পের শিক্ষাগুরু শীর্ষক সেমিনারের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। আন্তর্জাতিক জাদুঘর দিবস উদ্‌যাপন উপলক্ষে নলিনীকান্ত ভট্রশালী: বাংলার প্রত্নগবেষণার একনিষ্ঠ সাধক শীর্ষক সেমিনারের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরে ইফতার ও দোয়া মাহফিল ২০১৯ এর আমন্ত্রণপত্র ও টোকেন মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ৮ম আন্তর্জাতিক SSEASR Conference on "Rivers and Religion: Connecting Cultures of South Asia" উপলক্ষ্যে ইউল্যাব প্রাঙ্গণে আয়োজিত বই মেলায় প্রকাশনা প্রদর্শন ও বিক্রয় কাজ সম্পন্ন হয়েছে। কুষ্টিয়াস্থ সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের দর্শকদের প্রবেশ টিকেট মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। জিয়া স্মৃতি জাদুঘরের দর্শকদের প্রবেশ টিকেট মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। পল্লীকবি জসীম উদদীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্রের প্রবেশ টিকেট মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে।

বাংলাদেশ জাতীয় জাদুঘরে শিক্ষার উন্নয়নে নওয়াব স্যার সলিমুল্লাহর অবদান শীর্ষক সেমিনার ২০১৯ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরে আহমদ ছফা: মানবিক ও দার্শনিক চিন্তার অগ্রপুরুষ শীর্ষক সেমিনার ২০১৯ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত ওসমানী মুক্তিযুদ্ধের অনন্য পুরুষ শীর্ষক সেমিনার ২০১৯ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। শিল্পাচার্য জয়নুল আবেদিনের দুর্ভিক্ষের ১৯টি স্কেচের আলোকচিত্র ও ১টি প্রতিকৃতি দিয়ে ফোলিও মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে। ঐতিহাসিক ঢাকা মহানগরী: বিবর্তন ও সম্ভাবনা শীর্ষক বই পুনঃ মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে।

(ঘ) বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান লবিতে প্রকাশনা শাখার শুভেচ্ছা স্মারক বিপণির মাধ্যমে জাদুঘরের প্রকাশনা ও অন্যান্য দ্রব্যাদি বিক্রয় করা হয়েছে।

(ঙ) **লাইব্রেরি শাখার কাজ** : বাংলাদেশ জাতীয় জাদুঘরে দুর্লভ বই/সাময়িকীর একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। গ্রন্থাগারে জুলাই ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত সর্বমোট ১০৪ জন পাঠক/গবেষককে পাঠ সেবা প্রদান করা হয়েছে। ১৪৭ টি বই গ্রন্থাগারের সংযোজন রেজিস্টারে সংযোজন করা হয়েছে। ১৬৭ টি বইয়ের ক্লাসিফিকেশন করা হয়েছে। ৪০০ টি বইয়ে স্টিকার লাগানো হয়েছে। ১৬৭ টি বইয়ের ক্যাটালগিং করা হয়েছে। ৬২ টি জার্নাল সংযোজন রেজিস্টারে সংযোজন করা হয়েছে। জাদুঘরের কর্মকর্তাগণের নিকট ৬০ টি বই ইস্যু এবং ৬৪ টি বই ফেরত নেয়া হয়েছে। বিভিন্ন বিভাগ/শাখার ৪৪৪ টি বই বাঁধাই করা হয়েছে। গ্রন্থাগার শাখার ৩৩৫ টি বই বাঁধাই এবং মেরামত করা হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরে বই ক্রয়ের জন্য বিভিন্ন বিভাগ/শাখা থেকে প্রাপ্ত বইয়ের তালিকা যাচাই বাছাই করে ২৩০টি বই বাছাই কমিটিতে উপস্থাপন করা হয়েছে। জনাব, এ, কে এম আবদুল্লাহ, যুদ্ধকালীন কমান্ডার বি. এল. এফ টুঙ্গিপাড়া,গোপালগঞ্জ কর্তৃক 'আমি মুজিব বলছি' শিরোনামের ২ (দুই) কপি বই জাদুঘর গ্রন্থাগারে উপহার হিসেবে প্রদান করেন। উপহার দাতাকে ধন্যবাদ পত্র প্রেরণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিষয়ক ১৫০ টি বই এর তালিকা করে নলিনী কান্ত ভট্রশালী প্রদর্শনী গ্যালারিতে উপস্থাপন। ১৪,৪০০টি বই পরিষ্কার-পরিচ্ছন্ন করে গ্রন্থাগারের আলমারিতে সাজানো হয়েছে। ৩,৩৫০ টি জার্নাল পরিষ্কার-পরিচ্ছন্ন করে গ্রন্থাগারের আলমারিতে সাজানো হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর গ্রন্থাগারে সংরক্ষিত ৫০ টি বই তালিকা করে Book Cover/ Title page স্ক্যান করে সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়ার জন্য ICT শাখায় প্রেরণ করা হয়েছে। ১৮ জন বহিরাগত পাঠক/গবেষককে গ্রন্থাগারে পাঠসেবা গ্রহণের অনুমতি প্রদান করা হয়েছে।

(চ) **ডিসপ্লে শাখার কাজ** : বাংলাদেশ জাতীয় জাদুঘরের ডিসপ্লে শাখার মাধ্যমে বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন গ্যালারিতে নিদর্শন উপস্থাপন কাজ (গ্যালারিতে) ১,৯১০টি, গ্যালারি সংস্কার ও আধুনিকায়ন ৪টি, নিদর্শন বহির্ভূত দ্রব্যাদি উপস্থাপন (গ্যালারি ও গ্যালারির বাহিরে) ২৩০টি, প্যাডেষ্টাল, প্যানেল বোর্ড, বক্স, ডামি তৈরি, মেরামত ও রংকরণ কাজ ৫০টি, প্রদর্শনী (অস্থায়ী) ২২টি, মেলা জাতীয় কাজ-৫টি, প্রশিক্ষণ ও কর্মশালা (আয়োজন ও যাবতীয় কাজ) ৬টি, অনুষ্ঠানমালা ও সাজসজ্জা (সেমিনার, আলোচনা সভা, স্মরণ সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান) ৪৮টি, প্রদর্শনী সমাপনী কাজ (প্রদর্শনী শেষে মালামাল স্থানান্তর কাজ) ৪৮ টি, পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ (গ্যালারি ও গ্যালারি বর্হিভূত স্থানে) ৫৪টি, মেরামত ও সংস্থাপন কাজ (ফার্নিচার, শোকেস ও অন্যান্য) ১৯৪টি, বাঁধাই কাজ (ছবি, শিল্পকর্ম ও অন্যান্য) ৫০৯টি, ব্যানার, বিজ্ঞপ্তি লিখন (ব্যানার, বিজ্ঞপ্তি লিখন ও উপস্থাপন কাজ) ২৪৯টি, উপহার সামগ্রী, কার্ড (র‍্যাপিং, বাঁধাই, প্যাকেটকরণ কাজ) ৫৬০টি, গ্লাস পরিবর্তন কাজ ৩টি, নিদর্শন ও নিদর্শন বহির্ভূত দ্রব্যাদিতে স্থায়ী নম্বর লেখার কাজ ২৮০টি, আসন বিন্যাস (জাদুঘর ও জাদুঘরের বাহিরে) ২টি, লেবেল রাইটিং ৩৯২টি উপস্থাপন করা হয়েছে।

(ছ) **সংরক্ষণ রসায়নাগার বিভাগের কাজ** : সংরক্ষণ রসায়নাগার বিভাগে সর্বমোট ৭৪০ (সাতশত চল্লিশ) টি নিদর্শন সংরক্ষণ করা হয়েছে। এর মধ্যে অজৈব নিদর্শনের সংখ্যা-৫৯১ টি এবং জৈব নিদর্শনের সংখ্যা ১৪৯ টি। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ৩২৫ টি ধাতব নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের ১৬ (ষোলো) টি চিত্রকর্ম নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অবস্থিত বঙ্গবন্ধুর অফিস কক্ষের ৩২টি পর্দার সংরক্ষণ কাজ সম্পন্ন। ওসমানী জাদুঘর, সিলেটের ৩৭টি নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ৩ টি অজৈব নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ২০ টি জৈব নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের ২৮ টি জৈব নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ৪৫ টি অজৈব নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের ৮ টি অজৈব নিদর্শনের সংরক্ষন কাজ সম্পন্ন। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ১৯ টি পোড়ামাটির ফলকের সংরক্ষণ কাজ সম্পন্ন। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের জাতীয় জাদুঘরের মূল ভবনের সামনে স্থাপিত ৫ টি কামানের সংরক্ষণ কাজ সম্পন্ন। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ১৬৯ টি ধাতব পিতলের সংরক্ষণ কাজ সম্পন্ন। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ২ টি জৈব নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ৩ টি নিদর্শনের সংরক্ষন কাজ সম্পন্ন। চট্টগ্রামস্থ জিয়া স্মৃতি জাদুঘরের ১০টি নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ১০ টি নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ৮ টি নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

(জ) দর্শনার্থীদের বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শনের জন্য গাইড লেকচারার সার্ভিস এর আওতায় ৩০৩ (তিনশত তিন)টি শিক্ষা প্রতিষ্ঠানের ২৩,৩৮৮ জন শিক্ষার্থী, ৭১২ জন দেশিয় বিশেষ অতিথি এবং ১,২৬৬ জন বিদেশি অতিথিকে গ্যালারি পরিদর্শনে সহায়তা প্রদান করা হয়েছে।

(ঝ) মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে বাংলা একাডেমি কর্তৃক আয়োজিত মাসব্যাপী গ্রন্থমেলায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের নামে একটি বরাদ্দকৃত নিজস্ব স্টলে বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন প্রকাশনাসমূহ বিক্রয় করা হয়।

(ঞ) জাদুঘরের লবিতে স্থাপিত ০৪(চার) টি সায়ানেজ (সচল), ২(দুই) টি ভিডিও ডিরেক্টরী (সচল) এবং ২(দুই) টি ছোট বক্স পিসি (সচল) প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে প্রদর্শন করা হচ্ছে। জাদুঘরের বিভিন্ন অনুষ্ঠানের ভিডিও চিত্র ধারণ করা হয়েছে। ৭ ই মার্চ জাদুঘরের লবিতে বঙ্গবন্ধুর জীবনভিত্তিক প্রামাণ্যচিত্র-কমনওয়েলথ সম্মেলন, এশীয় শান্তি সম্মেলন ৭৩, বঙ্গবন্ধু ও বাংলাদেশ, ৭ ই মার্চের ভাষণ, জনকের স্পর্শে ধন্য, বঙ্গবন্ধু ও স্বাধীনতা, বঙ্গবন্ধুর জাপান সফর প্রজেক্টর ও স্ক্রীনের মাধ্যমে প্রদর্শন করা হচ্ছে।

(ট) জাদুঘরের শিক্ষা কর্মসূচিতে আগত শিক্ষার্থী, সাধারণ দর্শক ও জাদুঘরের কর্মকর্তা/কর্মচারীসহ মোট ১২৭ জনকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। জাদুঘরে আগত ৪০ জন প্রতিবন্ধী, বৃদ্ধ এবং অপারগ দর্শকদের হুইল চেয়ার সরবরাহ সেবা প্রদান করা হয়েছে।

(ঠ) **ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের কাজ** : বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৪টি কিউরেটোরিয়াল বিভাগের মধ্যে নিদর্শন সংগ্রহ ও সংরক্ষনের বিবেচনায় ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ সর্ববৃহৎ। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগে মোট ৭১টি (বাষট্টি) টি নিদর্শন সংগ্রহভুক্ত করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষে প্রদর্শনী গ্যালারিতে ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ মাসব্যাপী বিশেষ প্রদর্শনীর আয়োজন করে। মহান বিজয় দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে মুক্তিযুদ্ধের নিদর্শন ও আলোকচিত্র শীর্ষক বিশেষ প্রদর্শনী নলিনীকান্ত ভট্টাশালী গ্যালারিতে আয়োজন করা হয়েছে।

(ড) **সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের কাজ** : সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগে ২০১৮-২০১৯ অর্থবছরে ১৫ টি নিদর্শন সংগৃহীত হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরে মোট ৩৭ টি নিদর্শনের রাসায়নিক পরিচর্যা সম্পন্ন করা হয়েছে। ১৫ টি নিদর্শন রাসায়নিক পরিচর্যার জন্য সংরক্ষণ রসায়নাগার বিভাগে রয়েছে। সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগে জুন ২০১৯ পর্যন্ত মোট নিবন্ধতি নিদর্শনের সংখ্যা ৫,১৭৭টি। ৩০ জুন ২০১৯ সাল পর্যন্ত মোট ৫,১৪৯টি নিদর্শনের ডাট এন্ট্রি সম্পন্ন হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিভিন্ন দেশ থেকে প্রদত্ত উপহার সামগ্রীর মধ্যে ০৫ টি নিদর্শন বিভাগের ৪১ নম্বর গ্যালারিতে নতুনভাবে উপস্থাপন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বঙ্গভবনস্থ তোষাখানা থেকে বিভিন্ন সময়ে প্রাপ্ত উপহার সামগ্রির মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিভিন্ন দেশ থেকে প্রদানকৃত ১৫ টি উপহার সামগ্রী নবসজ্জিত রাষ্ট্রীয় তোষাখানায় প্রদর্শনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধির নিকট ফেরত প্রদান করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে জাদুঘর আয়োজিত বিশেষ প্রদর্শনীতে সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের সংগৃহীত বঙ্গবন্ধুর ১৬টি নিদর্শন জাদুঘরের নলিনী কান্ত ভট্টশালী গ্যালারিতে মাসব্যাপি প্রদর্শিত হয়েছে। সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের ৪৩ নম্বর মানব সভ্যতার ইতিহাস ও ৪৫ নম্বর প্রাচীন ভারতীয় সভ্যতা গ্যালারির আধুনিকায়ন করা হয়েছে। গ্যালারিতে উপস্থাপিত নিদর্শন এবং স্টোরে রক্ষিত নিদর্শনসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে। এছাড়া বিভাগের ০১ ও ০২ নম্বর স্টোর পরিষ্কার পরিচ্ছন্ন করা, ন্যাপথালিন ছিটানো ও এ্যারোসল স্প্রে করা হয়েছে। 'পোড়ামাটির শিল্পকর্মে নতুন মাত্রা' শীর্ষক প্রবন্ধ জাদুঘর সমাচারে প্রকাশের জন্য জমা প্রদান এবং প্রবন্ধটি প্রকাশিত হয়েছে। এছাড়া 'কামরুল হাসানের শিল্পকর্মের বৈচিত্র্য, সমাজ সচেতনতা ও নারী' শিরোনামের গবেষণা প্রবন্ধ জমা প্রদান করা হয়েছে। শিল্পী সামিনা নাফিজ এর আবেদনের পরিপ্রেক্ষিতে তার গবেষণা/প্রকাশনায় মুদ্রনের জন্য নিদর্শনের আলোকচিত্র প্রদান করা হয়েছ। জনাব বিপ্লব গোস্বামীর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁর গবেষণায় ব্যবহারের জন্য শিল্পী এস এম সুলতানের শিল্পকর্ম নিদর্শনের আলোকচিত্র প্রদান করা হয়েছে।

(ঢ) **শ্রুতিচিত্রণ শাখার কাজ** : বাংলাদেশ জাতীয় জাদুঘরের কথ্য ইতিহাস (Oral History) প্রকল্প নতুনভাবে চালুর তৃতীয় পর্যায়ে সাক্ষাৎকার গ্রহণের অংশ হিসেবে ২৪(চব্বিশ) জন গুণী ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী- (১)মুক্তিযোদ্ধা জনাব মজিবুর রহমান চৌধুরী, (২) রাজনীতিবিদ ও লেখক জনাব মাহফুজা খানম, (৩) সাবেক পররাষ্ট্র সচিব জনাব ওয়ালিউর রহমান, (৪) মুক্তিযোদ্ধা জনাব আলহাজ নূর মোহাম্মাদ বাবুল, (৫) ফ্লাইট সার্জেন্ট ও মুক্তিযোদ্ধা জনাব আব্দুল জলিল, (৬) মুক্তিযোদ্ধা জনাব আবুল হোসেন, (৭) মুক্তিযোদ্ধা ও নৃত্যশিল্পী জনাব লায়লা হাসান, (৮) বিশিষ্ট মুক্তিযোদ্ধা সিম্যান খুরশীদ আলম, (৯)বিশিষ্ট মুক্তিযোদ্ধা কর্ণেল শওকত আলী, (১০) বিশিষ্ট সঙ্গীতজ্ঞ অনুপ ভট্টাচার্য, (১১) জনাব সাইফুদ্দৌল্লা, (১২) বিশিষ্ট সঙ্গীতজ্ঞ জনাব সুজেয় শ্যাম, (১৩) বিশিষ্ট সঙ্গীতশিল্পী জনাব রথীন্দ্রনাথ রায়, (১৪) বিশিষ্ট মুক্তিযোদ্ধা জনাব মাহবুব উদ্দিন আহমদ, বীর বিক্রম, (১৫) জনাব রফিকুল হক দাদু ভাই, (১৬) বিশিষ্ট গবেষক অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, (১৭) বিশিষ্ট শিক্ষাবিদ জনাব ড. মাহবুবল হক, (১৮) বিশিষ্ট নাট্যজন জনাব আলী যাকের, (১৯) স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক জনাব মাজহারুল ইসলাম, (২০) বিশিষ্ট মুক্তিযোদ্ধা জনাব নূরে আলম সিদ্দিকী, (২১) কমরেড সহিদুল্লাহ চৌধুরী, (২২) বিশিষ্ট রাজনীতিবিদ ব্যারিস্টার শফিক আহম্মেদ আইন বিশেষজ্ঞ, (২৩) বিশিষ্ট গণ সঙ্গীত শিল্পী, শিল্পী ফকির আলমগীর এবং (২৪) বিশিষ্ট অর্থনীতিবিদ ড. ফরাসউদ্দিন আহমেদ-এর সাক্ষাৎকার গ্রহণের ভিডিওচিত্র ধারণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন অনুষ্ঠানের ভিডিওচিত্র ধারণ করা হয়েছে।

(ণ) **আর্কাইভস শাখা** : বাংলাদেশ জাতীয় জাদুঘরের অপ্রচলিত এবং ঐতিহাসিক গুণসম্পন্ন নথিপত্র, দলিল দস্তাবেজ, মূল্যবান পুরনো পান্ডুলিপি, বিশিষ্ট লেখক-পন্ডিত-মনীষীর হাতের লেখা চিঠিপত্র এবং সরকারের তথ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মুক্তিযুদ্ধের ইতিহাস সংক্রান্ত তথ্য-উপাত্ত-উপকরণ সুষ্ঠুভাবে সংরক্ষণ এবং গবেষক ও পন্ডিতদের ব্যবহার উপযোগী করে তোলার নিমিত্ত আর্কাইভস শাখা কাজ করে থাকে।

(ত) **জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের কাজ** : জাতিতত্ত্ব ও অলংকরন শিল্পকলা বিভাগে মোট ১৮৪ (একশত চুরাশি) টি নিদর্শন সংগ্রহভুক্ত করা হয়েছে। নিদর্শন সংগ্রহসমূহ : কাচের শিল্পকর্ম-৫৮টি, বাদ্যযন্ত্র-০৪টি, নকশিকাঁথা-৫টি, ধাতব শিল্পকর্ম-৬০টি, নৃতাত্বিক সংস্কৃতি-০৩টি, বাংলাদেশের নৌকা-০২টি, অলংকার-১৩টি, লোকজ সংস্কৃতি-৪টি, চীনামাটি শিল্পকর্ম-১টি, পাটি/মাদুর শিল্পকর্ম-৫টি, বস্ত্র শিল্পকর্ম-২টি, শীতল পাটি-২৩টি এবং পোষাক-৪টি। ২০১৮-২০১৯ অর্থবছরের ৭০০ টি অবজেক্ট আইডি ডাটা এন্ট্রি করা হয়েছে। অস্ত্রশস্ত্র দিয়ে ২৩ নম্বর গ্যালারি আধুনিক, দৃষ্টিনন্দন ও নতুনভাবে উপস্থাপন করা হয়েছে। সংগৃহীত নিদর্শন সংরক্ষণ রসায়নাগার থেকে সংরক্ষন কাজ শেষে যথাযথভাবে ১১২ নং স্টোরে সংরক্ষণ করা হয়েছে। সংগ্রহ নম্বর ২০০০.৩৬৬ নম্বর মসলিনটি সংরক্ষণ রসায়নাগারে সংরক্ষণ জন্য দেয়া হয়েছে। সংরক্ষণ রসায়নাগার থেকে ১২টি নিদর্শন সংরক্ষণ কাজ শেষে বিভাগীয় স্টোরে যথাযথভাবে রাখা হয়েছে।

জাদুঘরের মূল ভবনের বারান্দায় উপস্থাপিত ৬টি কামান সংরক্ষনের কাজ করা হয়েছে। ৪২০ নম্বর স্টোরে ২৯টি নিদর্শন সংরক্ষণ কাজের জন্য দেয়া হয়েছে। ৬টি নিদর্শন সংরক্ষণ রসায়নাগার থেকে সংরক্ষন কাজ শেষে বিভাগীয় ষ্টোরে নেয়া হয়েছে। সংরক্ষণ রসায়নাগার থেকে ২৯টি ধাতব নিদর্শন সংরক্ষণ কাজ শেষে বিভাগীয় স্টোরে নেয়া হয়েছে। সংরক্ষণ রসায়নাগার থেকে ২৩ নম্বর গ্যালারিতে অশ্রশস্ত্রের সংরক্ষনের কাজ করা হয়েছে এবং বিভাগীয়ভাবে সহযোগীতা করা হয়েছে। ২৩ নম্বর গ্যালারি থেকে ৫৯টি অস্ত্রশস্ত্র সংরক্ষণ রসায়নাগারে সংরক্ষণ কাজের জন্য দেয়া হয়েছে। ১১, ১৫ ২২ এবং ২৩ নম্বর গ্যালারি পরিস্কার-পরিচ্ছন্নকরণ করা হয়েছে। ৪২০ নম্বর স্টোর পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে।

(থ) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মদিবস ও জাতীয় শিশুদিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি কমপ্লেক্সে আয়োজিত বইমেলায় বাংলাদেশ জাতীয় জাদুঘর অংশগ্রহণ করেছে।

(দ) **প্রাকৃতিক ইতিহাস বিভাগের কাজ :** প্রাকৃতিক ইতিহাস বিভাগের প্রাণিজ, উদ্ভিজ এবং ভূ-তাত্ত্বিক নিদর্শনের অবস্থান হালনাগাদ এর কাজ, বাংলাদেশ জাতীয় জাদুঘরের OIS ডাটাবেস ফর্মে নিদর্শনের তথ্য সন্নিবেশের কাজ, নিদর্শন স্টোর এর গ্লাস ভায়াল-এ রক্ষিত নিদর্শনসমূহ বিভাগীয় ল্যাবরেটরিতে এলকোহল-এ সংরক্ষণ, 'বাংলাদেশের গাছপালা' শীর্ষক ৫ নম্বর গ্যালারিতে উপস্থাপনের জন্য হলুদ, ভুট্টার নমুনা বিভাগীয় ল্যাবরেটরিতে রাসায়নিকভাবে সংরক্ষণ, সুন্দরবন সংগ্রহ ভ্রমণ থেকে সংগৃহীত ০১(এক) টি সামুদ্রিক কাছিমের Skull সংরক্ষণের উদ্দেশ্যে বিভাগীয় ল্যাবরেটরিতে রাসায়নিকভাবে সংরক্ষণ, নিদর্শন স্টোরে সংরক্ষিত ১০(দশ) টি প্রাণিজ নিদর্শন বিভাগীয় ল্যাবরেটরিতে রাসায়নিকভাবে সংরক্ষণ, 'সুন্দরবন' শীর্ষক গ্যালারি নম্বর ৩-এর পশ্চিম পার্শ্বের ডিওরামার ভেতরে কীটনাশক প্রয়োগ কাজে সংরক্ষন রসায়নাগার বিভাগকে সহযোগিতা, 'বাংলাদেশ প্রাকৃতিক ইতিহাস জাদুঘর (Bangladesh Natural History Museum)'-এর বিষয়ে ধারণা প্রণয়নের জন্য বা.প্রা.ই.জা. ফ্লোর প্ল্যান (রঙিন) গ্যালারি বিন্যাস ও প্রয়োজনীয় জমির যৌক্তিকতা নির্ণয়ের কাজ, 'Avifaunal diversity at the Bangladesh National Museum Campus' শীর্ষক প্রবন্ধের পান্ডুলিপি তৈরির কাজ, প্রাকৃতিক ইতিহাস বিভাগের আওতাধীন ১ থেকে ১০ নম্বর গ্যালারি পরিস্কার-পরিচ্ছন্নকরণ এবং যাবতীয় কাজ, 'অস্ত্রশস্ত্র' শীর্ষক ২৩ নম্বর গ্যালারির ব্রোশিউর এর ডিজাইন ও ম্যাকআপের কাজ, গ্যালারির এসিসমূহ পরীক্ষা-নিরীক্ষা, মেরামত ও সার্ভিসিং কাজে প্রকৌশল শাখাকে সহযোগিতা প্রদান করা হয়েছে।

(ধ) **নিরাপত্তা শাখার কাজ :** প্রতি কার্যদিবসে অফিস সময়ের ৩০মিনিট পূর্বে অফিস খোলা এবং অফিসের কাজ শেষে নিয়মানুযায়ী অফিস বন্ধকরণ। জাদুঘরের বিভিন্ন অডিটরিয়ামে অনুষ্ঠান চলাকালীন সময়ে জাদুঘরে আগত অতিথিদের যথাযথভাবে চেক করে প্রবেশ করানোসহ তাদের নিরাপত্তা বিধান ও জাদুঘরের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ। জাদুঘরের বিভিন্ন বিভাগের গ্যালারিতে নিদর্শন উপস্থাপনের সময় যথাযথ নিরাপত্তা নিশ্চিতকরণ। জাদুঘরের নিজস্ব অনুষ্ঠানমালায় আগত ভিআইপি, দেশি-বিদেশি অতিথিদের সার্বিক নিরাপত্তা বিধান। জাদুঘরের বিভিন্ন বিভাগের গ্যালারি, গ্যালারির নিদর্শন, বিভিন্ন স্টোর, অফিস, মিলনায়তনসহ ভবনের নিরাপত্তা ও আবাসিক ভবনগুলোর নিরাপত্তা নিশ্চিতকরণ। দর্শক প্রবেশ গেটে (টিকেট কাউন্টার সংলগ্ন)/মূল ভবন অভ্যন্তরে প্রবেশ গেটে (মূল ভবনের প্রধান ফটক) ব্যবহারের জন্য (প্রয়োজনে নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারির প্রবেশ গেটে ব্যবহার করা যেতে পারে) ওয়াটার প্রুফ ১(এক) টি নতুন আর্চওয়ে মেটাল ডিটেক্টর গেট সরবরাহ নেয়া ও সংস্থাপন। ২ নং নিরাপত্তা গেটে (তালতলা গেইটে) গাড়ি প্রবেশ ও যথাযথভাবে চেক করার সুবিধার্থে Auto Barrier gate (Drop gate) সংস্থাপন করে গাড়ি চেকিং এর ব্যবস্থা গ্রহণ। দর্শক প্রবেশ গেটে দায়িত্ব পালনকারী নিরাপত্তা প্রহরী ও আনসার প্রহরীদের যথাযথভাবে দায়িত্ব পালনের সুবিধার্থে ২(দুই) টি গার্ডেন ছাতা স্থাপন। বৃষ্টির সময় জাদুঘর পরিদর্শনে আগত দর্শক প্রবেশ গেট থেকে জাদুঘর মূলভবনে আসা এবং জাদুঘর পরিদর্শন শেষে বাহিরে যাওয়ার লক্ষ্যে দর্শক গেট পর্যন্ত যাওয়ার জন্য ৪০(চল্লিশ) টি ছাতার ব্যবস্থা গ্রহণ। ৮নং নিরাপত্তা গেটেও Auto Barrier gate (Drop gate) সংস্থাপন।

(ন) **আইসিটি শাখার বিভিন্ন কাজ :** (১) সার্ভার সিস্টেমস মেইনটিন্যান্স, ডাটাবেস রিকভারি, ব্যাকআপ, মনিটরিং, ট্রাবল শ্যুটিং, এন্টিভাইরাস ও ফায়ার ওয়াল স্ট্যাটাস মনিটরিং, (২) A2i এর ইনোভেশন ফান্ডের অর্থায়নে জাতীয় জাদুঘর ভার্চুয়াল গ্যালারি তৈরির কাজে তত্ত্বাবধান ও সহযোগিতা প্রদান, (৩) e-News Letter প্রকাশের কার্যক্রম গ্রহণ, (৪) নিয়মিতভাবে জাতীয় জাদুঘরের ওয়েবসাইট (www.bangladeshmuseum.gov.bd)-এ অনুষ্ঠানমালা, দর্শকসংখ্যা, বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি নোটিশ, অনুষ্ঠানের প্রয়োজনীয় তথ্য হালনাগাদকরণ, (৫) www.bnm.org.bd, www.bnm.gov.bd ওয়েবসাইটগুলোর কার্যকারিতা পর্যবেক্ষণ, (৬) Socail Media Fan Page facebook ও tweeter -এ বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি নোটিশ, অনুষ্ঠানের তথ্য ইত্যাদি প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করা, (৭) প্রেস রিলিজকরণ (৮)আমন্ত্রণপত্র প্রেরণের জন্য e-mail তালিকা তৈরিকরণ, Webmail-এ আমন্ত্রণপত্র e-mail এবং SMS-এ প্রেরণ, (৯) ডিজিটাল পদ্ধতিতে টিকিট বিক্রয় কার্যক্রমের তত্ত্বাবধান ও কারিগরি সহযোগিতা প্রদান, (১০) ইনোভেশন টিমের কাজ, (১১) Online Ticketing ব্যবস্থা প্রবর্তন, (১২) e-Application ব্যবস্থা প্রবর্তন, (১৩) বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন কিউরেটোরিয়াল বিভাগ ও শাখার কম্পিউটার পরিচর্যা, হার্ডওয়্যার ও সফটওয়্যার মেইনটেনেন্স, ট্রাবল শুটিং এবং কম্পিউটার পরিচালনায় কর্মকর্তা ও অপারেটরদের পরামর্শ ও সহযোগিতা প্রদান, (১৪) জাতীয় জাদুঘরের ১৫১ নম্বর কক্ষে সংস্থাপিত Color Laser Printer and A3 Scanner এর মাধ্যমে জাদুঘরের বিভিন্ন বিভাগ ও শাখায় চাহিদামতো সেবা প্রদান, (১৫) জাতীয় জাদুঘরের ICT মেইনটেনেন্স সার্ভিস কাজের জন্য নিয়োজিত Dedicated Response Team এর কাজ তত্ত্বাবধান ও (১৬) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও ICT Division এর বাংলা গভ.নেট এর আইপি ফোন ও ইনফো-সরকারের ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রকল্পে আওতায় সংস্থাপিত ICT সরঞ্জাম রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদন করা হয়েছে। উক্ত প্রকল্প-দ্বয়ের আওতায় 2mbps shared broad band internet সংযোগ বিকল্প হিসাবে ২০০২ নম্বর কক্ষে ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, (১৭) গ্যালারিতে সংস্থাপিত ICT সরঞ্জামের তদারকি (পরিচর্যাসহ চালু ও বন্ধকরণ) ও সার্ভিসিং এর কাজ সম্পাদন এবং (১৮) ই-ফাইলিং সহায়তা।

(প) **ফটোগ্রাফি শাখার কাজ** : বাংলাদেশ জাতীয় জাদুঘর ও বাংলাদেশ কারুশিল্প পরিষদ আয়োজিত BOOK LAUNCH CEREMONY অনুষ্ঠানে আলোকচিত্র ধারণ। শূণ্যন রেপাটরী থিয়েটার পরিবেশিত মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের এক নারীর সংগ্রামী জীবনের লালজমিন নাট্য পরিবেশনার আলোকচিত্র ধারণ। মাননীয় মন্ত্রী সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জনাব আসাদুজ্জামান নূর এমপি ও মাননীয় সচিব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জনাব নাসির উদ্দিন আহম্মেদ বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শনের আলোকচিত্র ধারণ। ভাস্কর শিল্পী আইভি জামানের চতুর্থ একক ভাস্কর্য ও পেইন্টি প্রদর্শনী সমাপনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। A2i প্রবর্তিত ই-নথি বিষয়ক প্রশিক্ষণ 2018 এর উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। গণগ্রন্থাগার অধিদপ্তর ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের নকশা প্রনয়ণ বিজয়ী প্রতিষ্ঠান সমূহকে প্রাইজমানি ও সনদ প্রদান অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালা এবং বঙ্গবন্ধু স্মৃতি নিদর্শন, গ্রন্থসমূহ ও আলোকচিত্র এর মাসব্যাপী প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান, বঙ্গবন্ধু ও বাঙালির শিক্ষা-সংস্কৃতির স্বকীয়তা এবং বিকাশ সেমিনার, বাঙালির জাতীয় মুক্তি সংগ্রাম: বঙ্গবন্ধুর ৬ দফা সেমিনার, বঙ্গবন্ধু: কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্নজীবনী সেমিনার, বঙ্গবন্ধু: বাংলাদেশের অর্থনীতি ও শিল্পের বিকাশ সেমিনার, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি অনুষ্ঠান, বঙ্গবন্ধুঃ নারী জাগরণ ও ক্ষমতায়ন সেমিনার, বঙ্গবন্ধু ও বাংলাদেশের সংবিধান সেমিনার, বঙ্গবন্ধু ও স্বাধীন বাংলাদেশের পররাষ্ট্রনীতি সেমিনার, বঙ্গবন্ধু ও সুশাসন সেমিনার, বঙ্গবন্ধু: মৃত্যুঞ্জয়ী মহানায়ক এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান এবং বঙ্গবন্ধু কিভাবে আমাদের স্বাধীনতা এনেছেন সেমিনার ও সমাপনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১০৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে সেমিনারের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা ও কর্মচারীদের আগমন ও নির্গমনের বায়োমেট্রিক পদ্ধতি ও ইএম কার্ডের ব্যবহার উদ্বোধনের আলোকচিত্র ধারণ। ঈদ পুনর্মিলনি ২০১৮ সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানের আলোকচিত্র ধারন। বাংলার লোক উৎসব সেমিনারের আলোকচিত্র ধারণ। লোকজ সংস্কৃতিঃ দারুশিল্পী মোঃ নাছির উদ্দিন এর স্বহস্তে তৈরিকৃত গামারি কাঠের উপর খোদাইকৃত বঙ্গবন্ধুর প্রতিকৃতি মহাপরিচালক বরাবর হস্তান্তরের আলোকচিত্র ধারণ। ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ২০১৮ এর বর্ণাঢ্য র‍্যালির আলোকচিত্র ধারণ। দেশরত্ন শেখ হাসিনার ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষে কর্মশালায় আকা ৭১ টি প্রতিকৃতি ও জামালপুরের ঐতিহ্যবাহী ১০১ টি সুচিশিল্প প্রদর্শনীর উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। হুমায়ুন সাহিত্যে বাঙ্গালির জীবন ও সমাজ সেমিনারের আলোকচিত্র ধারণ। জামালপুর মুক্তি সংগ্রাম জাদুঘরের ভবন নির্মাণ ও উন্নয়ন কাজের একটি প্রকল্প সরজমিনে পরিদর্শনের আলোকচিত্র ধারণ। বাংলার সমাজ ও নারী জাগরণের কবি সুফিয়া কামাল এর-সেমিনারের আলোকচিত্র ধারণ। রবীন্দ্র একাডেমি ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের যৌথ উদ্যোগে রবীন্দ্র উৎসব ২০১৮ এর অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। ওস্তাদ মুনসী রইস উদ্দীন এর সংগীত শিক্ষা প্রসার বিষয়ক সেমিনারের আলোকচিত্র ধারণ। " স্যার জগদীশ চন্দ্র বসু স্মরণে " উদ্ভাবণ বা, আবিষ্কার জনগনের সম্পত্তি বিষয়ক সেমিনারের আলোকচিত্র ধারণ। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও রায়েরবাজার বধ্যভূমিতে বাংলাদেশ জাতীয় জাদুঘরে পক্ষ থেকে শ্রদ্ধা জ্ঞাপনের আলোকচিত্র ধারন করা হয়েছে। মহান বিজয় দিবস উপলক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে বাংলাদেশ জাতীয় জাদুঘরে পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ এবং স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পীদের বিজয়ের গান, বিশিষ্ট কবিদের বিজয়ের কবিতা পাঠ ও বাচিক শিল্পীদের বিজয়ের কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। শওকত ওসমানের মুক্তিযুদ্ধের উপন্যাস-এর সেমিনারের আলোকচিত্র ধারণ। শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরে পক্ষ থেকে জয়নুলের মাজারে পুষ্পস্তবক অর্পণের আলোকচিত্র ধারণ। সপ্তদশ ঢাকা আন্তর্জাতিক চলচিত্র উৎসবের সমাপনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত শিক্ষা সফর এবং বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠনের আলোকচিত্র ধারণ। কালজয়ী চিত্রশিল্পী পটুয়া কামরুল হাসানের মৃত্যুবার্ষিকী তে জাতীয় জাদুঘরের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদনের আলোকচিত্র ধারণ। On the Occasion of the 40th Anniversary of the Glorious Victory of the Islamic Revolution in Iran অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। একুশে পদক প্রদান ২০১৯ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে' বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের আলোকচিত্র ধারণ। অমর একুশে গ্রন্থমেলায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের বইয়ের স্টলের আলোকচিত্র ধারণ। উপমহাদেশের বরেণ্য উচ্চাঙ্গ সঙ্গীত সাধক ওস্তাদ গুল মোহাম্মদ খান এর ব্যবহৃত তানপুরাটি ২৪/০২/১৯ তারিখ তার নাতনি জনাব বিন্দিয়া খান ও নাতি মো আনসার উদ্দিন খান জাদুঘরের সংগ্রহে রাখার জন্য উপহার হিসেবে প্রদানের আলোকচিত্র ধারণ। ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ অধিবেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলায় ভাষণের তারিখ New York State কর্তৃক Bangladeshi Immigrationn Day Proclaimed "বাংলাদেশ জাতীয় জাদুঘরে হস্তান্তর অনুষ্ঠানের" আলোকচিত্র ধারণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০ তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ধানমন্ডির ৩২ নং সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ এর আলোকচিত্র ধারণ। "ড.এম.এ. ওয়াজেদ মিয়া বাংলাদেশের আধুনিক পরমাণু বিজ্ঞানের প্রাণপুরুষ " সেমিনার অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণের আলোকচিত্র ধারণ। 'শেরেবাংলা এ কে ফজলুল হক: গণতন্ত্র ও জনমানুষের নেতা' শীর্ষক সেমিনার এর আলোকচিত্র ধারণ। ১৪২৫ বঙ্গাব্দের বিদায় এবং ১৪২৬ বঙ্গাব্দকে বরণ করার জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘর লোকসংগীতানুষ্ঠান এবং পিঠা ও কারুশিল্প মেলার উদ্বোধনী অনুষ্ঠান এর আলোকচিত্র ধারণ। সত্যেন্দ্রনাথ বসুঃ তাঁর বিস্তীর্ণ জীবন সেমিনারের আলোকচিত্র ধারণ। বহুমাত্রিক হুমায়ুন আজাদ ও তাঁর কবিতা বিষয়ক সেমিনারের আলোকচিত্র ধারণ। আন্তর্জাতিক জাদুঘর দিবস উদযাপন উপলক্ষে নবসজ্জিত অস্ত্রশস্ত্র গ্যালারি ও সেমিনার উদ্বোধন এবং শিক্ষার্থীদের রচনা প্রতিযোগিতার পুরষ্কার বিতরন অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২০ তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণ এর আলোকচিত্র ধারণ। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২০ তম জন্মবার্ষিকী উদ্যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। শিল্পাচার্য জয়নুল আবেদিন এর ৪৩ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরে পক্ষ থেকে শিল্পাচার্য জয়নুল আবেদিন এর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ এর আলোকচিত্র ধারণ।

ULAB BOOK FAIR 2019 এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের বইয়ের স্টলের আলোকচিত্র ধারণ। "শিক্ষার উন্নয়নে নওয়াব স্যার সলিমুল্লাহর" অবদান শীর্ষক সেমিনার অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। এছাড়া মাসিক সমন্বয় সভা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সভার আলোকচিত্র ধারণ। ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ১৬৯ টি, জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ৩২৭ টি, প্রাকৃতিক ইতিহাসের ১টি, প্রকাশনা বিভাগের ১২টি স্মারক এবং আহসান মঞ্জিল জাদুঘরের ৫৫৭টি নিদর্শনের আলোকচিত্র ধারণ করা হয়েছে। এছাড়া দেশি ও বিদেশি অতিথি এবং বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শনের আলোকচিত্র ধারণ করা হয়েছে।

(৫) **বাংলাদেশ জাতীয় জাদুঘরের আয়োজিত ২০১৮-২০১৯ অর্থ-বছরের অনুষ্ঠানমালা :**

(ক) বাংলাদেশ জাতীয় জাদুঘরের বাৎসরিক ক্যালেন্ডারের নির্ধারিত অনুষ্ঠানঃ

| ক্র. নং | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ১. | ০১ জুলাই ২০১৮ | বাংলাদেশের সমৃদ্ধ ঐতিহ্যের উপাদান জামদানি বয়নশিল্প । অথচ কালের বিবর্তনে আদি জামদানি নকশাগুলো বিলুপ্তর পথে। এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্য মার্কিন দূতাবাসের সহায়তায় বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদের দীর্ঘ গবেষণায় সম্ভব হয়েছে আদি নকশা সংগ্রহ। এই নকশার একটি সংকলন গ্রন্থ বাংলাদেশ জাতীয় জাদুঘর ও জাতীয় কারুশিল্প পরিষদের যৌথ উদ্যোগে সম্প্রতি প্রকাশিত হয়েছে শিরোনাম 'ঐতিহ্যবাহী জামদানি নকশা' গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান ০১ জুলাই ২০১৮, রবিবার বিকাল ৪টায় জাদুঘরের প্রধান মিলনায়তনে আয়োজন করা হয় । প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশস্থ মার্কিন রাষ্ট্রদূত মার্শিয়া স্টিফেন ব্লুম বার্নিকাট। গ্রন্থ পর্যালোচনা করেন বিশিষ্ট লেখক ও গবেষক জনাব ফয়জুল লতিফ চৌধুরী। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদের সভাপতি জনাব মো. রফিকুল ইসলাম, গ্রন্থের প্রধান গবেষক জনাব চন্দ্র শেখর সাহা এবং বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদের প্রকল্প সমন্বয়ক জনাব শাহিদ হোসেন শামীম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান ইলিয়াস। |
| ২. | ০৪ জুলাই ২০১৮ | বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রধান মিলনায়তনে ও বিশিষ্ট অভিনেত্রী মোমেনা চৌধুরীর একক অভিনয়ে মুক্তিযুদ্ধ ও যুদ্ধোত্তর বাংলাদেশের এক নারীর সংগ্রামীর জীবন-ভিত্তিক 'লাল জমিন' শীর্ষক নাটকের মঞ্চায়নের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। সভাপতিত্ব করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান ইলিয়াস। |
| ৩. | ১০ জুলাই ২০১৮ | বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'সাহসী ভাস্কর্যের ভুবন' শীর্ষক ভাস্কর শিল্পী আইভি জামানের চতুর্থ একক ভাস্কর্য ও পেইন্টিং প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠানের আয়োজন করে । অনুষ্ঠানে সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রখ্যাত শিক্ষাবিদ ও শিল্প সমালোচক অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান ইলিয়াস, বিশিষ্ট চিত্রশিল্পী ড. ফরিদা জামান, অবিন্তা গ্যালারি অব ফাইন আর্টস-এর চেয়ারম্যান জনাব নীলু রওশন মুর্শেদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক নাজমা খান মজলিশ। |
| ৪ | ০১ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে মাসব্যাপী বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে বঙ্গবন্ধু বিষয়ক সেমিনার, জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনী, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি। ০১ আগস্ট ২০১৮, বুধবার বিকাল ৫টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মাসব্যাপী এ অনুষ্ঠানমালার উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর এবং সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৫ | ০৪ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে ০৪ আগস্ট ২০১৮, শনিবার বিকাল ৩:৩০ মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু ও বাঙালির শিক্ষা-সংস্কৃতির স্বকীয়তা এবং বিকাশ শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। মূল বক্তব্য উপস্থাপন করেন বিশিষ্ট লেখক ও মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি জনাব মফিদুল হক। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সাংস্কৃতিক সম্পাদক জনাব অসীম কুমার উকিল, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি জনাব গোলাম কুদ্দুছ এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: ওয়াহিদুজ্জামান। |

| ক্র. নং. | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ৬ | ০৫ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে ০৫ আগস্ট ২০১৮, রবিবার বিকাল ৩:৩০ মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাঙালির জাতীয় মুক্তির সংগ্রাম: বঙ্গবন্ধুর ৬-দফা শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আমীর হোসেন আমু এমপি। মূল বক্তব্য উপস্থাপন করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য শ্রী পঙ্কজ দেবনাথ এমপি এবং দৈনিক জনকণ্ঠের উপদেষ্টা সম্পাদক জনাব তোয়াব খান। সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো: আব্দুল মান্নান ইলিয়াস। |
| ৭ | ৭ আগস্ট ২০১৮ | বাংলাদেশ জাতীয় জাদুঘরের গৌরবময় ১০৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ৭ আগস্ট ২০১৮, মঙ্গলবার বিকাল ৫ টায় জাদুঘরের প্রধান মিলনায়তনে সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বাংলাদেশ জাতীয় জাদুঘর: গৌরবময় ১০৫ বছর শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের কীপার ড. স্বপন কুমার বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসির উদ্দিন আহমেদ। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। স্বাগত বক্তৃতা দেন অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো: আব্দুল মান্নান ইলিয়াস। |
| ৮. | ৮ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে ০৮ আগস্ট ২০১৮, বুধবার বিকাল ৫:৩০ মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু: কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান । মূল বক্তব্য উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৯. | ১৪ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে ১৪ আগস্ট ২০১৮, মঙ্গলবার বিকাল ৪টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু: বাংলাদেশের অর্থনীতি ও শিল্পের বিকাশ শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এমপি। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট লেখক ও জনতা ব্যাংক বোর্ড অব ডিরেক্টরের পরিচালক জনাব আবুল কাসেম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. মইনুল ইসলাম এবং বিশিষ্ট অর্থনীতিবিদ ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান। সেমিনারে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসির উদ্দিন আহমেদ। |
| ১০. | ১৫ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে ১৫ আগস্ট ২০১৮, বুধবার বিকাল ৫টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে দেশের বিশিষ্ট কবি ও বাচিকশিল্পীগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর সভাপতি বিশিষ্ট চিত্রশিল্পী হাশেম খান। সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো: আব্দুল মান্নান ইলিয়াস। |
| ১১. | ১৭ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে বঙ্গবন্ধু বিষয়ক সেমিনার, জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন এবং আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনী, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি। অনুষ্ঠানমালার অংশ হিসেবে ১৭ আগস্ট ২০১৮, শুক্রবার বিকাল ৫টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু : নারী জাগরণ ও ক্ষমতায়ন শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি সিমিন হোসেন রিমি এমপি। মূল বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ যুব মহিলা লীগের সভাপতি ও সাবেক সংসদ সদস্য নাজমা আক্তার। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথাসাহিত্যিক সেলিনা হোসেন এবং বাংলাদেশ আওয়ামী লীগ-কেন্দ্রীয় কমিটির মহিলা বিষয়ক সম্পাদক ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি। সভাপতিত্ব করেন বিশিষ্ট কথাসাহিত্যিক এবং স্বাগত ভাষণ দেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো: আব্দুল মান্নান ইলিয়াস। |

| ক্র. ন. | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ১২. | ২৭ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর মাসব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে বঙ্গবন্ধু বিষয়ক সেমিনার, জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন এবং আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনী, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি । অনুষ্ঠানমালার অংশ হিসেবে ২৭ আগস্ট ২০১৮, সোমবার বিকাল ৩:৩০ মিনিটে জাদুঘরের প্রধান মিলনায়তনে বঙ্গবন্ধু ও স্বাধীন বাংলাদেশের পররাষ্ট্রনীতি শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী এমপি সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন আন্তর্জাতিক যুদ্ধাপরাধী বিষয়ক প্রক্রিয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর সহায়ক ও সাবেক পররাষ্ট্র সচিব জনাব ওয়ালিউর রহমান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক সচিব ও বিশিষ্ট কলাম লেখক জনাব মহিউদ্দিন আহমদ। সভাপতিত্ব করবেন অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো: আব্দুল মান্নান ইলিয়াস। |
| ১৩ | ২৮ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর মাসব্যাপী অনুষ্ঠানমালারআয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে বঙ্গবন্ধু বিষয়ক সেমিনার, জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন এবং আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনী, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি। অনুষ্ঠানমালার অংশ হিসেবে ২৮ আগস্ট ২০১৮, মঙ্গলবার বিকাল ৫টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু ও সুশাসন শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ টি ইমাম সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাবেক সচিব জনাব মো. ইব্রাহিম হোসেন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী। সেমিনারে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। |
| ১৪ | ৩১ আগস্ট ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৮ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে বঙ্গবন্ধু বিষয়ক সেমিনার, জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি-নিদর্শন এবং আলোকচিত্রের মাসব্যাপী বিশেষ প্রদর্শনী, বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি। অনুষ্ঠানমালার অংশ হিসেবে ৩১ আগস্ট ২০১৮, শুক্রবার বিকাল ৩:৩০ মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধু কিভাবে আমাদের স্বাধীনতা এনেছেন শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করবেন বিশিষ্ট ইতিহাসবিদ বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন এবং সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। দ্বিতীয় পর্বে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মাসব্যাপী প্রদর্শনী ও অনুষ্ঠানমালার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ এবং সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর সভাপতি শিল্পী হাশেম খান। |
| ১৫ | ১৯ সেপ্টেম্বর ২০১৮ | ১৯ সেপ্টেম্বর ২০১৮, বুধবার বিকাল ৫:৩০ মিনিট জাদুঘরের সিনেপ্লেক্সে আয়োজন করা হয় 'বাংলার লোক-উৎস' শীর্ষক সেমিনার। অনুষ্ঠানে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী এবং সভাপতিত্ব করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান ইলিয়াস । অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের শিক্ষা অফিসার জনাব সাইদ সামসুল করীম। |
| ১৬ | ১২ অক্টোবর ২০১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তার বড় মেয়েকে আদর করে হাসুমণি বলে ডাকতেন। হাসুমণি বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর গতিশীল নেতৃত্বে আজ বাংলাদেশ বিশ্বে মর্যাদার সাথে মাথা উঁচু করে দাঁড়িয়েছে এবং তিনি তাঁর বর্ণাঢ্য জীবনের ৭১ বছর পার করেন । বাংলাদেশের ৭১ জন শিল্পী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে ৭১টি পোর্ট্রেট করেন। সেই পোর্ট্রেটসমূহ নিয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে এবং জামালপুরের সূচিশিল্পীদের ১০১টি সূচিকর্ম নিয়ে প্রধান মিলনায়তন লবিতে আয়োজন করা হয় বিশেষ প্রদর্শনী। বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং হাসুমণির পাঠশালা যৌথভাবে এই প্রদর্শনীর আয়োজক। ১২ অক্টোবর ২০১৮ শুক্রবার সকাল ১০টায় প্রধান মিলনায়তনে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী এই প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য শিল্পি অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী। স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব মোঃ শওকত নবী । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাসুমণির পাঠশালার সভাপতি বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য মারুফা আক্তার পপি । |

| ক্র. ন. | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ১৭ | ১২ অক্টোবর ২০১৮ | 'হাসুমণি পাঠশালা'র প্রথম বর্ষপূর্তিতে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কর্মশালায় আঁকা ৭১টি প্রতিকৃতি এবং জামালপুরের ঐতিহ্যবাহী ১০১টি সুঁচিশিল্প নিয়ে ১২ অক্টোর ২০১৮, শুক্রবার সকাল ১০টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই শৈল্পিক আয়োজন উদ্বোধন করেন জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য চিত্রশিল্পী অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. মাকছুদুর রহমান পাটওয়ারী। |
| ১৮ | ২৮ অক্টোবর ২০১৮ | বাংলাদেশ ও বাঙলির উন্নয়ন ও সংগ্রামের পথে দেশরত্ন শেখ হাসিনা পার করেন ৭১ বছর। এ উপলক্ষ্যে বাংলাদেশের ৭১জন শিল্পী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১টি প্রতিকৃতি করেন। সেই প্রতিকৃতিসমূহ নিয়ে জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে এবং জামালপুরের সূচিশিল্পীদের ১০১টি সূচিকর্ম নিয়ে প্রধান মিলনায়তন লবিতে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়। ২৮ অক্টোবর ২০১৮ রবিবার সকাল ১০টায় নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী কক্ষে প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বাংলাদেশে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব ওবায়দুল কাদের এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বরেণ্য শিল্পী অধ্যাপক জামাল আহমেদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. মাক্ছুদুর রহমান পাটওয়ারী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাসুমনি পাঠশালার সভাপতি ও বাংলাদেশে আওয়ামীলীগের কেন্দ্রীয় কার্য নির্বাহী কমিটির সদস্য মারুফা আক্তার পপি। |
| ১৯ | ১৩ নভেম্বর ২০১৮ | বাংলা সাহিত্যের জননন্দিত কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদের ৭০তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ১৩ নভেম্বর ২০১৮, মঙ্গলবার বিকাল ৫টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে হুমায়ূন সাহিত্যে বাঙালির জীবন ও সমাজ শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব জনাব রামেন্দু মজুমদার। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কথাসাহিত্যিক মুম রহমান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে বিশিষ্ট অভিনেত্রী মেহের আফরোজ শাওন, অন্যপ্রকাশের প্রধান নির্বাহী জনাব মো. মাজহারুল ইসলাম এবং বিশিষ্ট অভিনেতা ডা. এজাজ আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরেণ্য কথাসাহিত্যিক সেলিনা হোসেন। |
| ২০ | ২০ নভেম্বর ২০১৮ | বাংলা সাহিত্যের প্রথিতযশা কবি সুফিয়া কামালের ১৯তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ২০ নভেম্বর ২০১৮, মঙ্গলবার বিকাল ৫টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলার সমাজ ও নারী জাগরণে কবি সুফিয়া কামাল শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসির উদ্দিন আহমেদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক কাজী মদিনা। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও বাংলাদেশে মহিলা পরিষদের সভানেত্রী আয়েশা খানম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক ও বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সদস্য অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম। |
| ২১ | ২৭ নভেম্বর ২০১৮ | বাংলাদেশ জাতীয় জাদুঘর ও রবীন্দ্র একাডেমির যৌথ উদ্‌যোগে বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে ২৭ নভেম্বর ২০১৮,বিকাল ৪টায়, রবীন্দ্র উৎসব ১৪২৫ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। বরেণ্য রবীন্দ্রসঙ্গীত শিল্পী ফাহমিদা খাতুনকে রবীন্দ্র একাডেমি সম্মাননা-১৪২৫ প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. মুহাম্মাদ সামাদ। উৎসবের উদ্বোধন করেন শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান পদ্মভূষণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাবেক সচিব ও প্রধান তথ্য কমিশনার রবীন্দ্র একাডেমির সভাপতি কবি আজিজুর রহমান আজিজ। |
| ২২ | ০২ ডিসেম্বর ২০১৮ | উপমহাদেশের প্রখ্যাত সংগীতজ্ঞ ওস্তাদ মুন্‌শী রইস উদ্দীন স্মরণে বাংলাদেশ জাতীয় জাদুঘর ০২ ডিসেম্বর ২০১৮, রবিবার বিকাল ৪টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে সংগীত শিক্ষা প্রসারে ওস্তাদ মুন্‌শী রইস উদ্দীন শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট মুক্তিযোদ্ধা, লোক সংগীত শিল্পী ও গবেষক অধ্যাপক ইন্দ্রমোহন রাজবংশী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সঙ্গীত গবেষক ড. জেসমিন বুলি। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ওস্তাদ মুন্‌শী রইস উদ্দীনের পুত্র জনাব এ এফ এম আসাদুজ্জামান এবং উদীচীর সহ-সভাপতি ও বিশিষ্ট গণ-সংগীত শিল্পী জনাব মাহমুদ সেলিম । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরেণ্য সংগীতজ্ঞ আজাদ রহমান। |
| ২৩ | ৪ ডিসেম্বর ২০১৮ | ৪ ডিসেম্বর ২০১৮, মঙ্গলবার বিকাল ৪টা ৩০মিনিটে কবি সুফিয়া কামাল মিলনায়তনে জগৎ-বিখ্যাত বিজ্ঞানী স্যার জগদীশচন্দ্র বসু স্মরণে 'উদ্ভাবন বা আবিষ্কার জনগণের সম্পত্তি' বিষয়ক এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য বিজ্ঞানী অধ্যাপক ড. মুহাম্মদ ইব্রাহীম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিজ্ঞান বক্তা জনাব আসিফ (আসিফুজ্জামান)। আলোচনা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাখহরি সরকার। সভাপতিত্ব করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। |

| ক্র. ন. | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ২৪ | ৩১ ডিসেম্বর ২০১৮ | শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ১২ ডিসেম্বর ২০১৮, বুধবার অপরাহ্ন ৩টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করে । সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথাসাহিত্যিক জনাব রশীদ হায়দার। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন শহীদ বুদ্ধিজীবীদের সন্তান জনাব আসিফ মুনীর, অধ্যাপিকা ফাহমিদা খানম এবং ডা. নুজহাত চৌধুরী। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ২৫ | ১৬ ডিসেম্বর ২০১৮ | মহান বিজয় দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করে । অনুষ্ঠানমালায় মধ্যেছিল বাংলাদেশ জাতীয় জাদুঘরে সংগৃহীত মুক্তিযুদ্ধের স্মারক, মুক্তিযুদ্ধকালীন সংবাদপত্র ও মুক্তিযুদ্ধের আলোকচিত্রের পনেরদিনব্যাপী বিশেষ প্রদর্শনী, দেশের বিশিষ্ট কবিদের স্বকণ্ঠে বিজয়ের কবিতা পাঠ, বিশিষ্ট বাচিক শিল্পীদের উচ্চারণে বিজয়ের কবিতা আবৃত্তি ও বিজয়ের গান। ১৬ ডিসেম্বর ২০১৮, রবিবার বিকাল ৫টায় এই অনুষ্ঠানমালার উদ্বোধক করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব সৈয়দ হাসান ইমাম ও বরেণ্য কবি নির্মলেন্দু গুণ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ২৬ | ২৬ ডিসেম্বর ২০১৮ | ২৬ ডিসেম্বর ২০১৮, বুধবার অপরাহ্ন ৪টায় সিনেপ্লেক্সে 'শওকত ওসমানের মুক্তিযুদ্ধের উপন্যাস' বিষয়ক এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সাবেক মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. আতিউর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলা একাডেমির উপ-পরিচালক ড. আমিনুর রহমান সুলতান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি প্রাবন্ধিক ও গবেষক মানিক মোহাম্মদ রাজ্জাক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ। |
| ২৭ | ২০ মার্চ ২০১৯ | ২০ মার্চ ২০১৯, বুধবার বিকাল ৪.৩০ মিনিটে কবি সুফিয়া কামাল মিলনায়তনে ড. এম এ ওয়াজেদ মিয়া: বাংলাদেশের আধুনিক পরমাণু বিজ্ঞানের প্রাণপুরুষ শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন  সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত ভারপ্রাপ্ত সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি। মূল প্রবন্ধ পাঠ করেন থিংকট্যাঙ্ক জন্মভূমি রিসার্চ সেন্টারের কর্মাধ্যক্ষ জনাব আসিফ কবীর। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক বিশেষ সহকারী অধ্যাপক সেলিমা খাতুন এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য অধ্যাপক ড. সুলতানা শফি। |
| ২৮ | ২৫ মার্চ ২০১৯ | গণহত্যা দিবস ২০১৯ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ২৫ মার্চ ২০১৯, সোমবার বিকাল ৪:০০ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলোচনায় অংশগ্রহণ করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি, আন্তর্জাতিক খ্যাতিমান ফোকলোরবিদ ও কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু অধ্যাপক শামসুজ্জামান খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন এবং বিশিষ্ট মুক্তিযোদ্ধা লে: কর্নেল (অব:) কাজী সাজ্জাদ আলী জহির বীরপ্রতীক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ২৯ | ২৬ মার্চ ২০১৯ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্যাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর মুক্তিযুদ্ধের চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করে। বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি দেশবরেণ্য শিল্পী হাশেম খান ২৬ মার্চ ২০১৯, মঙ্গলবার সকাল ১১.০০ টায় দিনব্যাপী চলচ্চিত্র এবং ২৬ থেকে ৩০ মার্চ পর্যন্ত পাঁচ দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন । |
| ৩০ | ৩ এপ্রিল ২০১৯ | ৩ এপ্রিল ২০১৯, বুধবার বিকাল ৪.৩০ মিনিটে  কবি সুফিয়া কামাল মিলনায়তনে অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী শেরেবাংলা এ কে ফজলুল হক: গণতন্ত্র ও গণমানুষের নেতা শীর্ষক সেমিনারের আয়োজন হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাংবাদিক জনাব নজরুল কবীর। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জি টিভি ও সারা বাংলার প্রধান সম্পাদক সৈয়দ ইশতিয়াজ রেজা, স্থপতি রবিউল হুসাইন, অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন এবং বিশিষ্ট লেখক, গবেষক ও রাজনীতিবিদ জনাব নূহ-উল-আলম লেলিন। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৩১ | ১৩ এপ্রিল ২০১৯ | ১৪২৫ বঙ্গাব্দের বিদায় এবং ১৪২৬ বঙ্গাব্দেকে বরণ করার জন্য লোকসংগীতানুষ্ঠান এবং পিঠা ও কারুশিল্প মেলার আয়োজন করা হয়। ৩১ চৈত্র ১৪২৫/১৩ এপ্রিল ২০১৯, শনিবার সন্ধা ৬.৩০ মিনিটে নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে লোকসংগীতানুষ্ঠান এবং জাদুঘর ভবনের দক্ষিণ প্রাঙ্গণে পিঠা এবং কারুশিল্প মেলা উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৩২ | ২৪ এপ্রিল ২০১৯ | ২৪ এপ্রিল ২০১৯, বুধবার সকাল ১১.০০ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে সত্যেন্দ্রনাথ বসু: তাঁর বিস্তীর্ণ জীবন শীর্ষক সেমিনারের আয়োজন করা হয় । সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কথাসাহিত্যিক ও ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ডিপার্টমেন্ট অব ফিজিক্যাল সায়েন্সেস-এর সহযোগী অধ্যাপক ড. আহমাদ মোস্তফা কামাল। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও বোস সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সায়েন্সেসের পরিচালক অধ্যাপক সুপ্রিয়া সাহা, বরেণ্য পদার্থ বিজ্ঞানী অধ্যাপক ড. অজয় রায় এবং বরেণ্য পদার্থ বিজ্ঞানী ও বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য অধ্যাপক ড. সুলতানা শফি। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |

| ক্র. নং. | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ৩৩ | ২৯ এপ্রিল ২০১৯ | ২৯ এপ্রিল ২০১৯, সোমবার বিকাল ৪.০০ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে বহুমাত্রিক হুমায়ুন আজাদ ও তাঁর কবিতা শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট গবেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবিকন্যা জনাব মৌলি আজাদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক রুবাইয়াৎ ফেরদৌস। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৩৪ | ১১ মে ২০১৯ | ১১ মে ২০১৯, শনিবার সকাল ১১.০০ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে শিল্পাচার্য জয়নুল আবেদিন: শিল্পের শিক্ষাগুরু শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ রচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সহকারী অধ্যাপক শিল্পী দুলাল চন্দ্র গাইন। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অধ্যাপক ড. ফরিদা জামান, বিশিষ্ট শিল্পসমালোচক অধ্যাপক মঈনুদ্দীন খালিদ এবং শিল্পীপুত্র জনাব মইনুল আবেদিন। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৩৫ | ১৮ মে ২০১৯ | ১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস। জাদুঘরসমূহের আন্তর্জাতিক প্রতিষ্ঠান International Council of Museums (ICOM) দিবসটি উদযাপন উপলক্ষ্যে প্রতি বছর একটি করে প্রতিপাদ্য বিষয় নির্বাচন করে। এবারের প্রতিপাদ্য বিষয় ছিলো 'Museums as Cultural Hubs: The Future of Tradition' বাংলায় 'সংস্কৃতির কেন্দ্র হিসেবে জাদুঘর: ঐতিহ্যের ভবিষ্যৎ'। বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান বেলুন, ফেস্টুন ও কবুতর উড়িয়ে আন্তর্জাতিক জাদুঘর দিবসের বর্ণাঢ্য অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। র্যা লিতে অংশগ্রহণকারীদের মাঝে টি-শার্ট ও ক্যাপ বিতরণ করা হয়। এরপর জাদুঘর প্রাঙ্গণ পদক্ষিণ করা হয়। র্যালি শেষে জাদুঘর ভবনের তৃতীয় তলায় নবসজ্জিত ২৩ নম্বর অস্ত্রশস্ত্র গ্যালারি উদ্বোধন করা হয়। শেষে জাদুঘরের প্রধান মিলনায়তনে 'আমার দেখা জাদুঘর' শীর্ষক রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং নতুন কলেবরে মুদ্রিত জাদুঘরের ত্রৈমাসিক পত্রিকা 'জাদুঘর সমাচার'-এর মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠানমালার শেষাংশে 'নলিনীকান্ত ভট্টশালী: বাংলার প্রত্নগবেষণায় একনিষ্ঠ সাধক' শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট গবেষক ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. এ কে এম শাহনেওয়াজ। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক ও গবেষক জনাব আলী ইমাম, বিশিষ্ট ইতিহাসবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন, বিশিষ্ট ইতিহাসবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন এবং বিশিষ্ট ফোকলোরবিদ ও বঙ্গবন্ধু অধ্যাপক শামসুজ্জামান খান। অনুষ্ঠানমালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। |
| ৩৬ | ১ জুন ২০১৯ | পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে বার্ষিক ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল, (এনডিসি)। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সভাপতি শিল্পী হাশেম খান। মাহফিলে মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা অন্যান্যদের মধ্যে আমন্ত্রিত হয়ে উপস্থিত ছিলেন। |
| ৩৭ | ১২ জুন ২০১৯ | বাংলাদেশ জাতীয় জাদুঘর এদেশের ইতিহাস, ঐতিহ্য সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনের একটি জাতীয় প্রতিষ্ঠান। সকল স্তরের দর্শক, গবেষক, সংগ্রহকারক এবং জাদুঘরের সাথে সম্পর্কিত প্রতিটি নাগরিকের চাহিদা পূরণে বাংলাদেশ জাতীয় জাদুঘর অঙ্গিকারাবদ্ধ। এই অঙ্গিকার সকল ক্ষেত্রে পূরণ করা সম্ভব হয়েছে কি না এ বিষয়ে ১২ জুন ২০১৯, বুধবার সকাল ১১টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে গণশুনানী অনুষ্ঠান আয়োজন করা হয়। গণশুনানী অনুষ্ঠানে সূচনা বক্তব্য প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. আবদুর মজিদ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাদুঘরের জাতিতত্ত্ব ও অলঙ্করণ শিল্পকলা বিভাগের কীপার ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের কীপার (অতিরিক্ত দায়িত্ব) জনাব নূরে নাসরীন, সময়কালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের কীপার সংরক্ষণ রসায়নাগার বিভাগের কীপার (অতিরিক্ত দায়িত্ব) ড. বিজয় কৃষ্ণ বণিক, জনশিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার এবং প্রাকৃতিক ইতিহাস বিভাগের কীপার (চলতি দায়িত্ব) জনাব কঙ্কন কান্তি বড়ুয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. রিয়াজ আহম্মদ। গণশুনানীতে উপস্থিত থেকে কবি-সাহিত্যিক, স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক, ব্যাংকার, সাধারণ দর্শকসহ বিভিন্ন পেশাজীবী ব্যক্তিবর্গ তাদের বিভিন্ন গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন। এদের মধ্যে সাবেক কম্পোটলার এন্ড অডিটর জেনারেল জনাব মাসুদ আহমেদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শিপ্রা সরকার, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ পরিচালক জনাব মঞ্জুর মোহাম্মদ শাহরিয়ার, বেরাইদ উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা জনাব লায়লা আরজুমান বানু, টোয়াব পরিচালক জনাব তমাল এর নাম উল্লেখ্যযোগ্য। বক্তাদের মন্তব্যে উঠে এসেছে জাদুঘর থেকে যতটুকু পেয়েছেন তারা এর থেকেও বেশি প্রত্যাশা করেন। জাদুঘরকে আরো উন্নতি সাধনের প্রয়োজন রয়েছে বলেও মতা প্রকাশ করেন বক্তাগণ। গ্যালারিতে আরো বেশি নিদর্শন প্রদর্শনী করা, প্রদর্শনী গ্যালারিগুলো আরো সমৃদ্ধ করা প্রয়োজন বলেও বিশেষ ভাবে উল্লেখ করেন। বক্তাদের বিভিন্ন মতামতের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট বিভাগের কীপারগণ তাদের পরিকল্পণার কথা উল্লেখ করেন। জাদুঘরের মহাপরিচালক জনাব মো. রিয়াজ আহম্মদ উপস্থিত বক্তাদের মূল্যবান মতামত বিবেচনা করে ভবিষ্যতে কাজ করার প্রতিশ্রুতি দেন এবং তাদের মূল্যবান মন্তব্যগুলো সংশ্লিষ্ট বিভাগ অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করার কথা ব্যক্ত করেন। |

| ক্র. ন. | বাস্তবায়নকাল | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ৩৮ | ১৩ জুন ২০১৯ | বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যোগে ১৩ জুন ২০১৯, বৃহস্পতিবার বিকাল ৫ টায় সিলেটে অবস্থিত ওসমানী জাদুঘর প্রাঙ্গণে মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি বঙ্গবীর এম. এ. জি. ওসমানী স্মরণে ওসমানী : মুক্তিকযুদ্ধের অনন্য পুরুষ শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কবি ও রাগীব রাবেয়া ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক খালেদ উদ-দীন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেটের বিভাগীয় কমিশনার ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ জুনজবাহ্ উদ্দিন চৌধুরী। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিলেটের দৈনিক 'উত্তর-পূর্ব' পত্রিকার প্রধান নির্বাহী সম্পাদক জনাব আজিজ আহম্মদ সেলিম, সেক্টর কমান্ডার ফোরাম সিলেট জেলার সভাপতি এডভোকেট সরওয়ার আহমদ চৌধুরী আবদাল, বিশিষ্ট লেখক ও সংস্কৃতিজন কবি এ কে শেরাম এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার। সভাপতিত্ব করেন সিলেট জেলা প্রশাসক জনাব এম কাজী এমদাদুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন জনাব রাশেদুল আলম প্রদীপ এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন জনাব সাইদ সামসুল করীম। |
| ৩৯ | ২৩ জুন ২০১৯ | বাংলাদেশ জাতীয় জাদুঘর ২৩ জুন ২০১৯, রবিবার বিকাল ৪ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে আহমদ ছফা: মানবিক ও দার্শনিক চিন্তার অগ্রপুরুষ শীর্ষক সেমিনারের আয়োজন করে। স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার, ধন্যবাদ জ্ঞাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. আবদুল মজিদ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট কবি অসীম সাহা। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বিশিষ্ট গবেষক অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ । সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. রিয়াজ আহম্মদ। |
| ৪০ | ২৫ জুন ২০১৯ | বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যোগে ২৫ জুন ২০১৯, মঙ্গলবার বিকাল ৪ টায় আহসান মঞ্জিল জাদুঘর প্রাঙ্গণে শিক্ষার উন্নয়নে নওয়াব স্যার সলিমুল্লাহর অবদান শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট গবেষক অধ্যাপক ড. মো: আলমগীর। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় জুনয়র জনাব মোহাম্মদ সাঈদ খোকন। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী অধ্যাপক ড. সুলতানা শফি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সভাপতি শিল্পী হাশেম খান। স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. রিয়াজ আহম্মদ ও ধন্যবাদ জ্ঞাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. আবদুল মজিদ। |

(৬) **আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা :**

১. প্রাসাদ ভবনে গ্যালারি ও শোকেসে প্রদর্শিত নিদর্শন পুনর্বিন্যাস এবং লেবেল ও লাইটিং উন্নয়ন করা হয়েছে।
২. প্রদর্শিত বেশ কয়েকটি নিদর্শনাদির রাসায়নিক সংরক্ষণ এবং তৈলচিত্রে প্রয়োজনীয় রিটাচকরণ করা হয়েছে ।
৩. জাদুঘরের বিভিন্ন স্থানে আদ্রর্তা ও তাপমাত্রা থার্মো-হাইগ্রোমিটার যন্ত্রের সাহায্যে নিয়মিত রেকর্ড করা হয় ।
৪. আহসান মঞ্জিলের অন্দর মহলের গ্যালারি সজ্জিতকরণের জন্য বাছাইকৃত নিদর্শন রাসায়নিক সংরক্ষণের কাজ করা হয়েছে।
৫. মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।
৬. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে আহসান মঞ্জিল জাদুঘরে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।
৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৯ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৯ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় ও শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।
৮. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৮ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়। ।
৯. শহীদ দিবস ও আন্তর্জার্তিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।
১০. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।
১১. বাংলাদেশ জাতীয় জাদুঘর-এর উদ্যোগে আহসান মঞ্জিল জাদুঘর প্রাঙ্গনে নওয়াব স্যার সলিফুল্লাহর অবদান শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

(৭) **ওসমানী জাদুঘর, সিলেট :**

১. মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।
২. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে আহসান মঞ্জিল জাদুঘরে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।
৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৯ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৯ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় ও শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৮ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৫. শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৬. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৭. বঙ্গবীর জেনারেল মহম্মদ আতাইল গনি ওসমানীর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(৮) **জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম :**

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৮ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

২. ঈদ-উল-আযহা, ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য ঈদের দিন বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৩. ঈদ-উল-ফিতর, ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য ঈদের দিন বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৪. মহান বিজয় দিবস/২০১৮ উদ্‌যাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য ১৬ ডিসেম্বর, ২০১৮ তারিখে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৫. শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৩তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ-মাহফিলের আয়োজন করা হয়েছে।

৬. অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ উদ্‌যাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৯ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৯ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৮. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৯. শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৩৮ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ-মাহফিলের আয়োজন করা হয়েছে।

(৯) **শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ :**

১. যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদাৎ বার্ষিকী/২০১৮ পালন, মহান বিজয় দিবস/২০১৮ উদ্‌যাপন, শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০৪তম জন্মবার্ষিকী/২০১৮ উদ্‌যাপন, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ উদ্‌যাপন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০০তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস /২০১৯ উদ্‌যাপন, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০১৯ উদ্‌যাপন ও শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৪৩তম মৃত্যুবার্ষিকী/২০১৯ পালন করা হয়েছে। এতে শিশুদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

২. শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালায় সর্বমোট ৬৪,৮৫৬ জন দর্শনার্থী সংগ্রহশালার গ্যালারি দর্শন করেন। এর মধ্যে ৩০,৬৭৯ জন টিকিটের মাধ্যমে এবং ২০,২১৬ জন বিনা টিকিটে অনুমতিক্রমে দর্শন করেন। বিভিন্ন অনুষ্ঠান ও বিশেষ দিবসে ১৩,৫৯৩ জন গ্যালারি দর্শন করেন। টিকিট বিক্রয়ের ৫,৯৭,৬৭০ টাকা (পাঁচ লক্ষ সাতানব্বই হাজার ছয়শত সত্তর টাকা) সংগ্রহশালার জেনারেল ফান্ডে জমা প্রদান করা হয়েছে।

৩. জয়নুল শিশু চারুপীঠের বার্ষিক চিত্রকর্ম প্রদর্শনী/২০১৮ উদ্‌যাপন করা হয়েছে। এতে শিশুদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(১০) **স্বাধীনতা জাদুঘর, ঢাকা :**

ঢাকা শহরের প্রাণ কেন্দ্রে অবস্থিত সোহরাওয়ার্দী উদ্যান ইতিহাসের অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষী। বাঙালির স্বাধীকার আন্দোলনের ঐতিহাসিক বিবর্তনের ধারায় ১৯৭১ সালের ৭ই মার্চ এই প্রান্তরে দাঁড়িয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা করেছিলেন স্বাধীনতা অর্জনের দৃঢ় প্রত্যয়। লাখো শহীদদের আত্মদানের বিনিময়ে বাঙালির মুক্তিযুদ্ধের বিজয় দলিল একাত্তরের ১৬ ডিসেম্বর এই প্রান্তরেই স্বাক্ষরিত হয়েছিল। স্বাধীনতার ডাক ও স্বাধীনতা বাস্তব প্রতিষ্ঠা একই প্রান্তরে হওয়ায় এই উদ্যান স্বাধীনতা পীঠস্থান হিসেবে নন্দিত হবে যুগের পর যুগ। স্বাধীনতার এই ঐতিহ্য চেতনাকে চিরন্তনভাবে লালন করার প্রয়াসেই সোহরাওয়ার্দী উদ্যানে ভূ-গর্ভে স্থাপিত হয় 'স্বাধীনতা জাদুঘর' বা Museum of Independence. স্বাধীনতা জাদুঘরে আগত ঢাকা শহরের আশে পাশের ২৩ (তেইশ)টি শিক্ষা প্রতিষ্ঠানের সর্বমোট ১,১৬৭ (এক হাজার একশত সাতষট্টি) জন ছাত্র-ছাত্রী স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

১. পবিত্র ঈদ-উল-আযহা ২০১৮ উদযাপন উপলক্ষে স্বাধীনতা জাদুঘরের মিলনায়তনে ঈদের পরের ০২(দুই) টি শিশুতোষ চলচ্চিত্র 1.Harry Potter and The Deathly Hallows ও 2. The Jungle Book চলচ্চিত্রগুলো বিনা টিকিটে প্রদর্শন করা হয়।

২. পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৯ উদযাপন উপলক্ষে শিশু-কিশোরদের বিনোদনের জন্য স্বাধীনতা জাদুঘরের মিলনায়তনে ঈদের দিন একটি শিশুতোষ চলচ্চিত্র "Monkey King Hero is Back" বিনা টিকিটে প্রদর্শন করা হয়।

৩. প্রতিমাসে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘর মিলনায়তনে মুক্তিযুদ্ধ ভিত্তিক "লাল সবুজের সুর, জয়যাত্রা, গেরিলা, পিতা, আগুনের পরশমনি, আমার বন্ধু রাশেদ, একাত্তরের যীশু, কমান্ডার, ৭১ এর গেরিলা, ৭১ এর মা জননী, অনিল বাগচীর একদিন, ওরা এগারো জন, হাঙর নদীর গ্রেনেড, একাত্তরের নিশান, রক্তাক্ত বাংলা, সংগ্রাম, অমি ও আইসক্রিম ওয়ালা, অস্তিত্বে আমার দেশ, রীনা ব্রাউন" চলচ্চিত্রগুলো প্রদর্শন করা হয়।

৪. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরে ১৫ আগস্ট বঙ্গবন্ধু বিষয়ের উপর শিক্ষার্থীদের 'রচনা প্রতিযোগিতা' আয়োজন করা হয়। রচনা প্রতিযোগিতায় ৬৩ (তেষট্টি) জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

৫. মহান বিজয় দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরে শিশু-কিশোরদের 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৬৫ (পঁয়ষট্টি) জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৬. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ পালন উপলক্ষে স্বাধীনতা জাদুঘরে শিশু-কিশোরদের 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৫৫(পঞ্চান্ন) জন জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৭. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরে শিশু-কিশোরদের 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৯৫ (পঁচানব্বই) জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৮. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন, পবিত্র ঈদ-উল-আযহা ২০১৮ উদযাপন, মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন, মহান ২১শে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ পালন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৯তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ পালন, মহান স্বাধীনতা দিবস ২০১৯ উদ্‌যাপন, বাংলা নববর্ষ ১৪২৬ বঙ্গাব্দ উদ্‌যাপন ও পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে সর্বমোট ৬,৭৮৫ (ছয় হাজার সাতশত পঁচাশি) জন শিশু-কিশোর, শিক্ষার্থী, শারীরিক প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী এবং সিনিয়র সিটিজেনদের সৌজন্য প্রবেশ টিকেটে স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

(১১) **পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর :**

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৮ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

২. মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৩. শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৯ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৯ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় ও শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৫. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(১২) **সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া :**

১. গ্রামীণ সাংবাদিকতার পথিকৃৎ কাঙ্গাল হরিনাথের ১৮৫তম জন্মজয়ন্তী পালন উপলক্ষে র‍্যালী, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৮ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৩. মহান বিজয় দিবস-২০১৮ উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৪. শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৫. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৯ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৯ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় ও শিক্ষার্থীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৬. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(১৩) (ক) **বিদেশ ভ্রমণ, শিক্ষা ও প্রশিক্ষণ :**

১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৭.২৪.০২৯.১৫.৩৬৩, তারিখ ২৩/০৭/২০১৮ মোতাবেক ২৫/০৭/২০১৮ তারিখ হতে ২৮/০৭/২০১৮ তারিখ পর্যন্ত Sanction of visit India for monitoring & opening the library and museum of 'Bangladesh Bhavan' in Shantiniketan-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জনাব মো. আব্দুল মান্নান ইলিয়াস ভ্রমণ করেন।

২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৭.২৪.০২৯.১৫.৩৬৫, তারিখ ২৩/০৭/২০১৮ মোতাবেক ২৫/০৭/২০১৮ তারিখ হতে ২৮/০৭/২০১৮ তারিখ পর্যন্ত Sanction of visit India for monitoring & opening the library and museum of 'Bangladesh Bhavan' in Shantiniketan-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রদর্শনী উপস্থাপক, জনাব নাছির উদ্দিন আহমেদ খান ভ্রমণ করেন।

৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর MOCA/Sec-5/UNESCO-1/2014/416, তারিখ ১৪/০৮/২০১৮ মোতাবেক ০৪/০৯/২০১৮ তারিখ হতে ০৪/১০/২০১৮ তারিখ পর্যন্ত Approval for Participation in 19th Group Training Course for Yaung Professionals on Cultural Heritage Protection in the Asia-Pacific Region 2018 শীর্ষক প্রশিক্ষণে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সহকারী কীপার (ই) এবং স্বাধীনতা জাদুঘরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মো. গোলাম কাউছার জাপানের নারাতে ভ্রমণ করেন।

৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৩.০০.০০০০.১১৪.২৫.০৩০.১২/৩৩২, তারিখ ৩০/০৭/২০১৮ মোতাবেক ০২/১০/২০১৮ তারিখ হতে ০৬/১০/২০১৮ তারিখ পর্যন্ত মুদ্রা বিষয়ক Annual ICOMON Meeting- এ অংশ গ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের উপ-কীপার জনাব মোহাম্মদ মনিরুল হক গ্রীসের এথেন্সে ভ্রমণ করেছেন।

৫. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৩.০০.০০০০.১১৭.২৪.০০৭.১৫/৫৭৩, তারিখ ১৩/০৯/২০১৮ মোতাবেক ০৮/১০/২০১৮ তারিখ হতে ১০/১০/২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত Hindu Cultural Trails : Research Seminar- এ অংশ গ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের কীপার ড. বিজয় কৃষ্ণ বণিক ভারতের দিল্লীতে ভ্রমণ করেছেন।

৬. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৩.০০.০০০০.১১৪.০১৩.১২৬.১৮.৫৯০, তারিখ ১১/১২/২০১৮ মোতোবেক ১৮/১২/২০১৮ তারিখ হতে ২৩/১২/২০১৮ তারিখ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক বাস্তবায়নাধীন ভারতের পশ্চিম বঙ্গের শান্তিনিকেতনে অবস্থিত বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত "বাংলাদেশ ভবন" এর অভ্যন্তরে জাদুঘর সজ্জিতকরণের আওতায় লেবেল সংশোধন ও সংযোজন এবং আলোকচিত্র সংস্থাপনসহ অন্যান্য কাজ বাস্তবায়নের জন্য জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের কীপার, জনাব নূরে নাসরীন; ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের উপ-কীপার (চলতি দায়িত্ব), জনাব দিবাকর সিকদার; ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের সহকারী কীপার, জনাব মো. গোলাম কাউছার এবং ডিসপ্লে অফিসার, জনাব নাছির উদ্দিন আহমেদ খান ভারত ভ্রমণ করেন।

৭. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০২৯.১৭(অংশ).৪০, তারিখ ২৮/০১/২০১৯ মোতাবেক Approval for participation of the representatives of Departments/agencies under the Ministry of Cultural Affairs for the 43th International Kolkata Book Fair 2019 and Artists (singer) for the Cultural fuction of 'Bangladesh Day'-তে ০৬/০২/২০১৯ তারিখ হতে ১১/০২/২০১৯ তারিখ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের শিক্ষা অফিসার, জনাব সাইদ সামসুল করীম ভারত ভ্রমণ করেন।

৮. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০২৯.১৭(অংশ).৪০, তারিখ ২৮/০১/২০১৯ মোতাবেক Approval for participation of the representatives of Departments/agencies under the Ministry of Cultural Affairs for the 43th International Kolkata Book Fair 2019 and Artists (singer) for the Cultural fuction of 'Bangladesh Day'-তে ৩১/০১/২০১৯ তারিখ হতে ০৫/০২/২০১৯ তারিখ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার, ড. শিহাব শাহরিয়ার ভারত ভ্রমণ করেন।

৯. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০২৯.১৭.৪২, তারিখ ৩১/০১/২০১৯ মোতাবেক Approval for the participation of the honorable State Minister and high officials team to visit the 43th International Kolkata Book Fair, 2019 (08-11 February 2019) in Kolkata, India-তে ০৮/০২/২০১৯ তারিখ হতে ১১/০২/২০১৯ তারিখ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক, জনাব মো. রিয়াজ আহম্মদ ভারত ভ্রমণ করেন।

১০. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.০২৫.১০২.১৫.৯৬, তারিখ ১৬/০৩/২০১৯ মোতাবেক ১৫/০৩/২০১৯ তারিখ হতে ১৯/০৩/২০১৯ তারিখ পর্যন্ত কলকাতা উপ-হাইকমিশনের আমন্ত্রণে 'জাতীয় শিশু দিবস ২০১৯'-এ যোগদানের উদ্দেশ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার, ড. শিহাব শাহরিয়ার ভারত ভ্রমণ করেন।

১১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৭.২৪.০৬২.১৮.১৪৮, তারিখ ২৫/০৩/২০১৯ মোতাবেক ০৮/০৪/২০১৯ তারিখ হতে ১৯/০৪/২০১৯ তারিখ পর্যন্ত চীনের বেইজিং-এ অনুষ্ঠিত "2019 Advanced Seminar on Cultural Administration for Bangladesh" শীর্ষক সেমিনারে অংশগ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব, জনাব মো. আবদুল মজিদ; সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের কীপার, ড. বিজয় কৃষ্ণ বণিক; জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের উপ-কীপার, জনাব আসমা ফেরদৌসি; প্রাকৃতিক ইতিহাস বিভাগের সহকারী কীপার, জনাব শওকত ইমাম খান এবং বোর্ড অব ট্রাস্টিজ শাখার প্রশাসনিক কর্মকর্তা, জনাব মো. আব্দুল কুদ্দুস চীন ভ্রমণ করেন।

১২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.২৫.০৮১.১৪.১০৯, তারিখ ২৪/০৩/২০১৯ মোতাবেক ০৯/০৪/২০১৯ তারিখ হতে ১৯/০৪/২০১৯ তারিখ পর্যন্ত চীনের বেইজিং-এ অনুষ্ঠিত Training Workshop of the ICOM International Training Centre for Museum Studies (ICOM-ICT) -এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের সহকারী কীপার, জনাব মো. গোলাম কাউছার চীন ভ্রমণ করেন।

১৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.২৫.০৮১.১৪.১৬০, তারিখ ৩০/০৪/২০১৯ মোতাবেক ০২/০৫/২০১৯ তারিখ হতে ০৬/০৫/২০১৯ তারিখ পর্যন্ত ভারতের কোলকাতার জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে "রবীন্দ্রনাথ এবং বাংলাদেশ গ্যালারি" প্রতিষ্ঠার প্রয়োজনীয় কাজের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক, জনাব মো. রিয়াজ আহম্মদ এবং ডিসপ্লে অফিসার, জনাব নাছির উদ্দিন আহমেদ খান ভারতের কোলকাতা ভ্রমণ করেন।

(১৪) **পুষ্পস্তবক অর্পণ:**

(ক) জাতীয় শোকদিবস পালন উপলক্ষে ১৫ আগস্ট ২০১৮ তারিখ বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষে প্রত্যূষে ধানমন্ডি ৩২ নং রোডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

(খ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর জন্মবার্ষিকী ও মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

(গ) মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে ১৬ ডিসেম্বর, ২০১৮ তারিখ প্রত্যূষে সাভার গমণ এবং মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

(ঘ) ২৯/১২/২০১৮ তারিখে চিত্রকলার পুরোধা ব্যক্তিত্ব শিল্পাচার্য জয়নুল আবেদিন-এর জন্মবার্ষিকী এবং ২৮ মে ২০১৮ তারিখে মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে মরহুম শিল্পাচার্যের মাজারে শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

(ঙ) মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে গিয়ে শহীদদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

(চ) ২৬ মার্চ ২০১৯ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মহান শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে ঐ দিন প্রত্যূষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে সাভার জাতীয় স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

(ছ) পটুয়া কামরুল হাসানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে শিল্পীর মাজারে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

(১৫) সভা :

(ক) ২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর ৭ টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(খ) ২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের বাছাই কমিটি-১ এর ৮টি সভা এবং বাছাই কমিটি-২ এর ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(গ) ২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রকাশনা কমিটির ২ টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(ঘ) APA সংক্রান্ত প্রতিমাসে একটি করে ১১টি সভা অনুষ্ঠিত হয়েছে।

৮/৭/১৯
মো. আবদুল মজিদ
সচিব
বাংলাদেশ জাতীয় জাদুঘর
ফোন : ৯৬৭৪৭৯৬
e-mail: mazidpd@yahoo.com